# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Poush 27, 1430 Bangla, January 11, 2024, Thursday, No. 11, 54th year

## H I G H L I G H T S

President Mohammed Shahabuddin appoints Sheikh Hasina as PM - gives consent to form new cabinet under her leadership - swearing-in of new cabinet members will take place at Bangabhaban today.
(VOA: 13, Jago FM: 24)

AL President & PM Sheikh Hasina has been reelected Leader of the House for 12th parliament – Dr. Shirin Sharmin Chaudhury reelected Speaker – newly elected parliament members take the oath of office.
(VOA: 12, DW: 18, Jago FM: 22)

Homecoming Day of Bangabandhu observed across country - at a rally PM says, none will be able to say that election has been rigged as Independent EC has held transparent, free and impartial election.
(R. Today: 19,21)

AL GS Obaidul Quader says, game of election is over now, a new game of politics will begin against communalism, militancy, terrorism and corruption. (Jago FM: 24)

Information and Broadcasting Minister Dr. Hasan Mahmud says, after formation of new govt. the first challenge will be to root out arson terrorism and build a smart Bangladesh. (R. Today: 21, Jago FM: 24)

BNP leader Ruhul Kabir Rizvi comments, PM Sheikh Hasina has lost the path of democratic exit - adds, govt. has cheated the entire nation by conducting one-sided and fraudulent election. (R. Today: 20)

JP top leaders including several co-chairmen give 48 hours ultimatum to GM Quader and Chunnu to resign accusing them of using the name of JP to go to parliament by participating in election and compromising with AL without thinking about the party. (R. Today: 19, 21)

Members of 14 parties lost four out of six seats in 12th National Parliamentary election - they allege about trickery and mysterious rigging in the alliance's vote. (R. Tehran: 16)

Discussions are going on about just concluded parliamentary election such as result sheets without signature, unusual rate of voting despite low voter turnout - information of more than 41 % turnout surprises many election analysts. (BBC: 6)

Canada expresses disappointment that Bangladesh has fallen away from electoral process, fundamental principles of democracy and independence - calls on govt. to work with all parties to respect democracy and human rights and protect fundamental freedoms. (R. Today: 19)

Australia has called on the Bangladesh govt. to strengthen democratic institutions that support human rights, rule of law and development. (VOA: 9)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**পৌষ ২৭, ১৪৩০ বাংলা, জানুয়ারি ১১, ২০২৪, বৃহস্পতিবার, নং- ১১, ৫৪তম বছর**

# শিরোনাম

শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ দান করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন - একই সঙ্গে তাঁর নেতৃত্বে নতুন মন্ত্রিসভা গঠনে সম্মতি প্রদান - বঙ্গভবনে আজ নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ অনুষ্ঠিত হবে।
(ভোয়া: ১৩, জাগো এফএম: ২৪)

আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্বাদশ জাতীয় সংসদের জন্য সর্বসম্মতিক্রমে সংসদ নেতা পুনর্নির্বাচিত - আবারো জাতীয় সংসদের স্পিকার হয়েছেন ড. শিরীন শারমিন চৌধুরী - দ্বাদশ জাতীয় সংসদের নবনির্বাচিত সংসদ সদস্যরা শপথ নিয়েছেন। (ভোয়া: ১২, ডয়চে ভেলে: ১৮, জাগো এফএম: ২২)

নানা কর্মসূচির মধ্য দিয়ে সারাদেশে বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত - দিবসটি উপলক্ষ্যে আয়োজিত জনসভায় প্রধানমন্ত্রী বলেছেন, এবারের ভোটে কারচুপি হয়েছে এমন কিছু বলার ক্ষমতা কারো নেই। কারণ স্বাধীন নির্বাচন কমিশনের অধীনে অত্যন্ত স্বচ্ছ অবাধ ও নিরপেক্ষ হয়েছে। (রে. টুডে: ১৯,২১)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, নির্বাচনের খেলা শেষ। এখন নতুন খেলা হবে রাজনীতির, সাম্প্রদায়িকতা, জঙ্গিবাদ, দুর্নীতি, সন্ত্রাস ও লুটপাটের বিরুদ্ধে। (জাগো এফএম: ২৪)

তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, নতুন সরকার গঠনের পর প্রথম চ্যালেঞ্জ হবে অগ্নিসন্ত্রাস সমূলে উৎপাটন এবং স্মার্ট বাংলাদেশ গঠন। (রে. টুডে: ২১, জাগো এফএম: ২৪)

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণতান্ত্রিক প্রস্থানের পথ হারিয়ে ফেলেছেন বলে মন্তব্য করেছেন বিএনপি নেতা রুহুল কবির রিজভী - বলেন, একতরফা ও প্রতারণার নির্বাচন করে গোটা জাতিকে ধোঁকা দিয়েছে সরকার। (রে. টুডে: ২০)

নির্বাচনে অংশগ্রহণ ও আওয়ামী লীগের সমঝোতা করে দলের কথা চিন্তা না করে নিজেরা সংসদে যাওয়ার জন্য জাতীয় পার্টির নাম ব্যবহার করার অভিযোগে জাতীয় পার্টির একাধিক কো-চেয়ারম্যানসহ শীর্ষ নেতারা আগামী ৪৮ ঘণ্টার মধ্যে জিএম কাদের ও চুন্নুকে পদত্যাগের আল্টিমেটাম দিয়েছেন। (রে. টুডে: ১৯,২১)

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ১৪ দলের শরিকরা ৬ আসনের মধ্যে চারটিতে হেরেছেন। জোটের ভোটে ছলচাতুরি আর রহস্যজনক কারচুপির অভিযোগ করেছেন তাঁরা। (রে. তেহরান: ১৬)

সদ্য সমাপ্ত জাতীয় সংসদ নির্বাচনে স্বাক্ষর ছাড়া ফলাফল শিট, ভোটের অস্বাভাবিক হারের মতো নানা বিষয় নিয়ে আলোচনা চলছে। নির্বাচনের দিন সকাল থেকে কেন্দ্রে কেন্দ্রে কম ভোটারের উপস্থিতি থাকার পরেও ফলাফলে ৪১ শতাংশেরও বেশি ভোট পড়ার তথ্য অনেক নির্বাচন বিশ্লেষককে অবাক করেছে। (বিবিসি: ৬)

বাংলাদেশ নির্বাচনি প্রক্রিয়া, গণতন্ত্র ও স্বাধীনতার মূলনীতি থেকে ছিটকে পড়েছে বলে হতাশা প্রকাশ করেছে কানাডা - গণতন্ত্র ও মানবাধিকারের প্রতি সম্মান ও মৌলিক স্বাধীনতা রক্ষায় সব পক্ষের সাথে সরকারকে স্বচ্ছভাবে কাজ করার আহ্বান। (রে. টুডে: ১৯)

মানবাধিকার, আইনের শাসন ও উন্নয়নের প্রসারে সহায়ক গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করতে বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানিয়েছে অস্ট্রেলিয়া। (ভোয়া: ৯)

# বিবিসি

## দ্বাদশ সংসদ নির্বাচন নিয়ে যা বলল ইউরোপীয় ইউনিয়ন

বড় সব রাজনৈতিক দল নির্বাচনে না আসায় দুঃখ বা হতাশা প্রকাশ করে সাতই জানুয়ারির নির্বাচনে হওয়া অনিয়মগুলোর পূর্ণাঙ্গ তদন্তের আহ্বান জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন। নির্বাচনের বিষয়ে দেওয়া এক বিবৃতিতে সংস্থাটি এ আহ্বান জানিয়েছে। রবিবার অনুষ্ঠিত এ নির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগ এককভাবেই ২২২ আসনে জয়লাভ করেছে। তবে বিরোধী দল বিএনপিসহ সমমনা দলগুলো এ নির্বাচন বর্জন করে নির্দলীয় সরকারের অধীনে নির্বাচন ও সরকারের পদত্যাগের দাবিতে অসহযোগ আন্দোলনের নানা কর্মসূচি চালিয়ে যাচ্ছে। নির্বাচনের আগে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ দলটির বহু নেতা-কর্মীকে আটক করা হয়েছিল এবং এর মধ্যে দলের সিনিয়র কয়েকজন নেতাসহ অনেকে নেতাকর্মীর বিভিন্ন মামলায় কারাদণ্ড হয়েছে। রাজনৈতিক নানা ঘটনাপ্রবাহের মাঝে নির্বাচন নিয়ে বিএনপি ও আওয়ামী লীগের মধ্যে তীব্র মতবিরোধের মধ্যেই অনুষ্ঠিত নির্বাচনেও পূর্ণাঙ্গ পর্যবেক্ষকদল পাঠায়নি ইউরোপীয় ইউনিয়ন। প্রসঙ্গত, এর আগে বাংলাদেশের নির্বাচন নিয়ে প্রতিক্রিয়া জানিয়েছে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও জাতিসংঘ মানবাধিকার সংস্থা। আলাদা বিবৃতিতে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য বলেছে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ‘অবাধ ও সুষ্ঠু নির্বাচনের মানদণ্ড’ মেনে অনুষ্ঠিত হয়নি বলে তারা মনে করে।

তবে ভারত, চীন, রাশিয়া ও জাপানসহ অনেক দেশ এ নির্বাচনে জয়লাভের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে বার্তা দিয়েছে। মঙ্গলবার রাতে দেয়া বিবৃতিতে ইউরোপীয় ইউনিয়ন বলেছে ‘গত রবিবার বাংলাদেশে যে সংসদীয় নির্বাচন হয়েছে ইউরোপীয় ইউনিয়ন তা লক্ষ্য করেছে এবং গণতান্ত্রিক মূল্যবোধ, মানবাধিকার ও আইনের শাসনের ভিত্তিতে ইইউ ও বাংলাদেশের যে দীর্ঘমেয়াদি অংশীদারিত্ব তা পুনর্ব্যক্ত করছে।’ একই সঙ্গে ওই নির্বাচনে সব বড় রাজনৈতিক দল অংশ না নেয়ায় সংস্থাটি দু:খ প্রকাশ করেছে। তবে ইইউ'র নির্বাচন বিশেষজ্ঞ দলের আসন্ন রিপোর্ট ও সুপারিশমালা প্রকাশের বিষয়ে কর্তৃপক্ষ একমত হওয়াকে তারা স্বাগত জানিয়েছে। স্বচ্ছতা ও জবাবদিহিতার চেতনার ওপর ভিত্তি করে নির্বাচনে যেসব অনিয়ম হয়েছে তার সময়োপযোগী ও পূর্ণাঙ্গ তদন্তের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছে সংস্থাটি। নির্বাচনের সময় সহিংসতার নিন্দা করে ইইউ নির্বাচন পরবর্তী সহিংসতা থেকে বিরত থাকার জন্য সবার প্রতি আহবান জানিয়েছে। “আইনের শাসন, বিচারিক স্বাধীনতা, সঠিক প্রক্রিয়া এবং শান্তিপূর্ণ সমাবেশের অধিকারকে গুরুত্ব দেয়া এবং নির্বাচনের আগে ও পরে তার প্রতি শ্রদ্ধা জানানো গুরুত্বপূর্ণ। এ বিষয়ে বিরোধী দলের গুরুত্বপূর্ণ নেতাদের আটক করাটা খুবই উদ্বেগের।”

সংস্থাটি রাজনৈতিক বহুত্ববাদ, গণতান্ত্রিক মূল্যবোধ, মানবাধিকারের আন্তর্জাতিক মানদণ্ড এবং শান্তিপূর্ণ সংলাপের প্রতি শ্রদ্ধা জানাতে সংশ্লিষ্ট সবাইকে উৎসাহিত করেছে। “গণমাধ্যম, সিভিল সোসাইটি ও রাজনৈতিক দলগুলো কোনো ধরনের সেন্সরশিপ ও প্রতিশোধের ভয় ছাড়াই কাজ করতে পারাটা জরুরি।” বিবৃতিতে বলা হয় রাজনৈতিক, মানবাধিকার, বাণিজ্য ও উন্নয়নের ক্ষেত্রে যেসব বৈশিষ্ট্যের ভিত্তিতে দীর্ঘমেয়াদি সম্পর্ক গড়ে উঠেছে তা নিয়ে বাংলাদেশ সরকারের সঙ্গে কাজ অব্যাহত রাখবে ইউরোপীয় ইউনিয়ন। এর মধ্যে বাংলাদেশের সম্ভাব্য অগ্রাধিকারমূলক বাণিজ্য সুবিধা জিএসপি প্লাস পাওয়ার বিষয়টিও অন্তর্ভুক্ত রয়েছে। দ্বাদশ সংসদ নির্বাচন পর্যবেক্ষণের জন্য ইউরোপীয় ইউনিয়ন, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যসহ পশ্চিমা কিছু দেশ কোনো দল পাঠায়নি। এর মধ্যে গত সেপ্টেম্বরেই ইউরোপীয় ইউনিয়ন জানিয়ে দিয়েছিল যে এবারের এই নির্বাচন পর্যবেক্ষণের জন্য তারা কোনো পূর্ণাঙ্গ দল পাঠাচ্ছে না। এর আগে জুলাইয়ে সংস্থাটির যে প্রাক নির্বাচনি দল ঢাকায় এসেছিল তাদের রিপোর্টের ওপর ভিত্তি করেই তখন ওই সিদ্ধান্তের কথা জানানো হয়েছিল। এর পর সেপ্টেম্বরেই ইউরোপীয় পার্লামেন্টে গৃহীত এক প্রস্তাবে বাংলাদেশের গণতন্ত্র ও নির্বাচন প্রসঙ্গ এসেছে এবং অবাধ বাজার সুবিধা (ইবিএ) বাংলাদেশের জন্য অব্যাহত রাখা যৌক্তিক কি না সেই প্রশ্নও তুলেছেন। এ সুবিধার অংশ হিসেবে জিএসপি বা শুল্কমুক্ত সুবিধা পায় বাংলাদেশের পণ্য। বাংলাদেশের তৈরি পোশাক খাত এর বড় সুবিধাভোগী। ইউরোপীয় ইউনিয়নে স্বল্পোন্নত দেশ হিসেবে ২০২৬ সাল পর্যন্ত এ সুবিধা পাওয়ার কথা বাংলাদেশের। কিন্তু ওই বছর স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশের তালিকায় বাংলাদেশের উত্তরণ ঘটনার কথা। তবে ২০২৬ সালে এটি হলেও পরবর্তী তিন বছর ইউরোপীয় ইউনিয়নের বাজারে পণ্য রপ্তানিতে শুল্কমুক্ত সুবিধা পাওয়ার কথা রয়েছে। তবে সুবিধাটি পেতে হলে বাংলাদেশকে জিএসপি প্লাসের জন্য যোগ্যতা অর্জন করতে হবে বাংলাদেশকে, যা নিয়ে ইউরোপীয় কমিশনের সঙ্গে এখন আলোচনা চলমান রয়েছে। এর আগে ২০১৪ ও ২০১৮ সালের নির্বাচনেও পূর্ণাঙ্গ পর্যবেক্ষক দল পাঠায়নি ইউরোপীয় ইউনিয়ন। ২০১৪ সালের নির্বাচন বিএনপি বর্জন করেছিল আর ২০১৮ সালের নির্বাচনে বিএনপি অংশ নিলেও ওই নির্বাচনে ‘নজিরবিহীন ভোট কারচুপি’র অভিযোগ রয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ১০.১.২৪ রিহাব)

## কারামুক্তির পর দিল্লিতে নেমে যা বলেছিলেন শেখ মুজিব

দিল্লিতে সেদিন ভালো ঠান্ডা পড়েছিল। বইছিল কনকনে হাওয়াও। দিল্লি পুলিশের কনস্টেবলরা সবাই খাকি ওভারকোট গায়ে চাপিয়ে বিশেষ ডিউটিতে এসেছিলেন ১৯৭২ সালের ১০ই জানুয়ারির সেই সকালে। আমেরিকার এনবিসি টিভি চ্যানেলের সেদিনের একটা ভিডিও প্রতিবেদনে সেই ছবি দেখা যায়। দিল্লির পুরোনো পালাম বিমানবন্দরে নামল ব্রিটিশ

রয়্যাল এয়ারফোর্সের একটি বিশেষ কমেট বিমান, যাতে রয়েছেন ভারতের এক বিশেষ অতিথি, আর তাকে স্বাগত জানাতে বিমানবন্দরের টার্ম্যাকে হাজির ভারতের শীর্ষতম রাজনৈতিক নেতৃত্ব – দেশের রাষ্ট্রপতি ভিভি গিরি, প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী। সঙ্গে আছেন তার মন্ত্রীসভার সব সদস্য, সেনাবাহিনী আর হাজার হাজার সাধারণ মানুষ।

লন্ডন থেকে দীর্ঘ পথ পাড়ি দিয়ে ১০ই জানুয়ারি সকাল আটটা দশ মিনিটে দিল্লির মাটি ছুঁয়েছিল ওই ব্রিটিশ বিমানটি। নেমে এসেছিলেন সেই বিশেষ অতিথি - শেখ মুজিবুর রহমান, বাংলাদেশের প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি। ওই বিমানযাত্রায় তার পাশেই বসে লন্ডন থেকে দিল্লি এসেছিলেন এক ভারতীয় বাঙালি অফিসার শশাঙ্ক শেখর ব্যানার্জী। ষাটের দশকের মাঝামাঝি ঢাকায় ভারতীয় কূটনীতিক হিসাবে তিনি দেখা করেছিলেন শেখ মুজিবুর রহমানের সঙ্গে। তবে ৭২ সালের জানুয়ারিতে মি. ব্যানার্জী লন্ডনে ভারতীয় হাইকমিশনে নিযুক্ত এক কূটনীতিক ছিলেন। মি. ব্যানার্জী স্মৃতিচারণায় লিখেছেন, লন্ডন থেকে ওড়ার পরে দুবার দাঁড়িয়েছিল রয়্যাল এয়ারফোর্সের বিমানটি। একবার সাইপ্রাসের আক্রোতিরিতে, দ্বিতীয়বার ওমানে। সে দুটিই ছিল যুক্তরাজ্যের বিমানবাহিনীর এয়ারবেস। আর লন্ডন থেকে দিল্লি, তারপরে ঢাকা – পুরো বিমানযাত্রায় শেখ মুজিবুর রহমানের নিরাপত্তার দায়িত্বে ছিলেন ভারতীয় পুলিশ অফিসার ভেদ মারোয়া। তিনি চাকরিজীবন শুরু করেছিলেন পশ্চিমবঙ্গের ডায়মন্ড হারবারের সাব ডিভিশনাল পুলিশ অফিসার হিসাবে, পরে দিল্লির পুলিশ কমিশনার হয়েছিলেন। অবসর নেওয়ার পরে ভারত শাসিত জম্মু-কাশ্মীর সহ একাধিক রাজ্যের রাজ্যপাল ছিলেন মি. মারোয়া।

শশাঙ্ক শেখর ব্যানার্জী আর ভেদ মারোয়া – এই দুই অফিসারই শেখ মুজিবুর রহমানের যাত্রা সঙ্গী ছিলেন লন্ডন থেকে দিল্লি, তারপরে দিল্লি থেকে ঢাকা পর্যন্ত। দুজনেই স্মৃতিচারণা করেছেন সেই যাত্রার। তবে দুজনের বয়ানে ফারাক রয়েছে বিস্তর। মি. ব্যানার্জী নিজে একটা বই লিখেছেন, আর ভারতে সংবাদ পোর্টাল দ্য কুইন্টে কয়েক বছর আগে সেই যাত্রার কথা মনে করে একটা প্রবন্ধও লিখেছিলেন। আর মি. মারোয়ার কাছ থেকে সরাসরি ওই বিমানযাত্রার বর্ণনা শুনে তা লিপিবদ্ধ করেছিলেন ভারতের সাংবাদিক সুখরঞ্জন সেনগুপ্ত তার বই 'ভাঙ্গা পথের রাঙা ধুলায়'তে। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসকার মহিউদ্দিন আহমদ বলছিলেন, "আমি দুজনের বয়ানই পড়েছি। তারা দুজনেই ইন্দিরা গান্ধীর নির্দেশে লন্ডন থেকে দিল্লি হয়ে ঢাকায় এসেছিলেন শেখ মুজিবুর রহমানের সঙ্গী হিসাবে। কিন্তু শশাঙ্ক শেখর ব্যানার্জীর লেখায় বিশ্বাসযোগ্যতার অভাব আছে। তিনি তো আসলে ভারতীয় গুপ্তচর সংস্থা র' -এর অফিসার ছিলেন, আর ভেদ মারোয়া ছিলেন ইন্ডিয়ান পুলিশ সার্ভিসের অফিসার। দুজনকেই পাশে বসিয়ে বিমানে ছবি তুলেছিলেন মুজিবুর রহমান। মি. ব্যানার্জী ষাটের দশকের মাঝামাঝি সময়ে ঢাকায় ভারতীয় দূতাবাসে কর্মরত ছিলেন। সেই সময়ে তিনি মুজিবুর রহমানের সঙ্গে দেখা করেছিলেন আর তিনিই প্রথম ভারতীয় অফিসার যিনি তার সঙ্গে দেখা করেন বলেও দাবি করেছেন। আবার লন্ডনের বিমানবন্দরে তিনিই মুজিবুর রহমানকে স্বাগত জানাতে হাজির হয়েছিলেন বলে দাবি করেছিলেন। এটা পুরোপুরি অসত্য। আমার কাছে ভেদ মারোয়ার বয়ানটিই বেশি বিশ্বাসযোগ্য বলে মনে হয়"- বলছিলেন মহিউদ্দিন আহমদ। তবে ভারতে মি. ব্যানার্জীর দেওয়া বয়ানটিই বেশি প্রচলিত, ভেদ মারোয়ারটি নয়। আবার বাংলাদেশ আওয়ামী লীগ ভেদ মারোয়ার বয়ানটিই তুলে ধরেছে তাদের ওয়েবসাইটে।

রাওয়ালপিন্ডির মিয়াওয়ালি কারাগার থেকে মুক্তি দিয়ে পাকিস্তান সরকার পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্সের বিশেষ বিমানে তুলে দিয়েছিল শেখ মুজিবুর রহমানকে। একই দিনে জেল থেকে ছাড়া পেয়েছিলেন ডা. কামাল হোসেন। ঢাকার সিনিয়র সাংবাদিক সেলিম সামাদ বলছিলেন, "বিমানবন্দরে শেখ মুজিবুর রহমানকে বিদায় জানাতে হাজির ছিলেন স্বয়ং জুলফিকার আলি ভুট্টো। একথা আমাকে ২০০৪ সালে কানাডার মন্ট্রিয়লে নিজেই জানিয়েছিলেন ডা. কামাল হোসেন।" লন্ডনে মুজিবুর রহমান যে সাংবাদিক সম্মেলন করেন, সেখানেও মি. ভুট্টোকে একাধিকবার 'শুভকামনা' জানাতে শোনা গিয়েছিল। মি. সামাদের কথায়, "যুদ্ধের সময়ে বাংলাদেশে কত বড়ো ক্ষয়ক্ষতি করে দিয়ে গিয়েছিল পাকিস্তানি বাহিনী, সেটা কারাবন্দি অবস্থায় মি. রহমানের জানা সম্ভব ছিল না। সেজন্যই হয়তো জুলফিকার আলি ভুট্টোকে লন্ডনে তিনি শুভকামনা জানিয়েছিলেন। কিন্তু পরে ঢাকায় ফিরে এসে যখন তিনি দেশের অবস্থা স্বচক্ষে দেখলেন, তখন তার মনোভাব খুব স্বাভাবিকভাবেই বদলিয়ে গিয়েছিল।"

সেদিন পালাম বিমানবন্দরে শেখ মুজিবুর রহমানের অবতরণ নিয়ে দ্য নিউ ইয়র্ক টাইমসে প্রকাশিত এক প্রতিবেদনে লেখা হয়েছিল, "বিমান থেকে লাল কার্পেটে যখন পা দিলেন শেখ মুজিব, তখন তার ওপরে বর্ষিত হচ্ছিল গোলাপ আর গাঁদা ফুলের পাপড়ি। তার পরনে ছিল ধূসর রঙের স্যুট আর দিল্লির ঠান্ডা হাওয়া থেকে বাঁচার জন্য তার ওপরে চাপিয়েছিলেন একটা খয়েরি রঙের ওভারকোট"-লিখেছিল দ্য নিউ ইয়র্ক টাইমস। এনবিসির ওই ভিডিও প্রতিবেদনেই দেখা যায় যে, বাংলাদেশের প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি জন্য বিমানের সিঁড়ির নিচে অপেক্ষা করছেন ভারতের রাষ্ট্রপতি ভিভি গিরি, প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ও তার মন্ত্রীসভার সদস্যরা। ওই ভিডিওতে ব্যাকগ্রাউন্ডে শোনা যাচ্ছিল, 'জয় বাংলা' আর 'জয় বঙ্গবন্ধু'ধ্বনি।

ওই ১০ই জানুয়ারির সন্ধ্যায় কলকাতা আকাশবাণী প্রচার করেছিল এক বিশেষ সংবাদ বিচিত্রা। মুক্তিযুদ্ধ চলাকালীন যে অনুষ্ঠানটি বাংলাদেশের আর পশ্চিমবঙ্গের মানুষের অত্যন্ত প্রিয় হয়ে উঠেছিল। অন্য বেশিরভাগ দিনের মতোই ১০ই জানুয়ারির বিশেষ সংবাদ বিচিত্রাও পাঠ করেছিলেন দেবদুলাল বন্দ্যোপাধ্যায়। ভারতের সরকারি প্রচার মাধ্যম আকাশবাণী ও দূরদর্শনকে নিয়ন্ত্রণ করে যে সংস্থা, সেই প্রসার ভারতীর আর্কাইভে সেদিনের ওই অনুষ্ঠানটি রাখা আছে।

মি. বন্দ্যোপাধ্যায়ের গলায় সেদিনের অনুষ্ঠানের শুরুটা ছিল এরকম: "বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি, সাড়ে সাত কোটি বাঙালির অবিসংবাদী নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সংবর্ধনা জানালো বিশ্বের বৃহত্তম গণতন্ত্র, ভারত। ২১ বার তোপধ্বনির পর ভারতীয় সেনাবাহিনী বঙ্গবন্ধুকে দিলেন গার্ড অফ অনার।" ওই অনুষ্ঠানে বাজানো হয়েছিল ভারতের তৎকালীন রাষ্ট্রপতি ভিভি গিরির স্বাগত ভাষণ।

তার উত্তরে শেখ মুজিবুর রহমান বলেছিলেন, "বাংলাদেশে যাওয়ার পথে আপনাদের এই মহান দেশের মহান রাজধানীতে থামার সিদ্ধান্ত নিয়েছি আমি। আমার জনগণের প্রিয়তম বন্ধু - ভারতের জনগণ এবং মহৎ প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর নেতৃত্বাধীন সরকারের প্রতি বিশেষ শ্রদ্ধা জানাতে আমি ন্যূনতম এটুকুই করতে পারি। অবশেষে আমি সোনার বাংলায় ফিরে যাচ্ছি"- বলেছিলেন বাংলাদেশের প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি।

পালাম বিমানবন্দরে শেখ মুজিবুর রহমানকে স্বাগত জানানোর পরে তাকে নাগরিক সংবর্ধনা দেওয়া হয় কাছেই দিল্লি ক্যান্টনমেন্টের প্যারেড গ্রাউন্ডে। আকাশবাণীর সংবাদ বিচিত্রা অনুষ্ঠানে দেবদুলাল বন্দ্যোপাধ্যায়ের বর্ণনা অনুযায়ী সেখানে সমবেত হয়েছিলেন হাজার হাজার মানুষ। ওই প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ভাষণ শোনানো হয়েছিল ১০ই জানুয়ারির সংবাদ বিচিত্রায়। মিসেস গান্ধী বলেছিলেন, "আমরা এখানে, ভারতে, তিনটি প্রতিশ্রুতি দিয়েছিলাম আমাদের জনগণকে। প্রথম, যে শরণার্থীরা এখানে এসেছেন, তারা ফিরে যাবেন। দ্বিতীয়ত, আমরা সবরকম ভাবে মুক্তিবাহিনীকে, বাংলাদেশের মানুষকে সহায়তা করব। আর তৃতীয়ত, শেখ সাহেবকে আমরা নিশ্চই জেল থেকে ছাড়িয়ে আনব। আমরা তিনটে প্রতিশ্রুতিই পূরণ করেছি, আর এখন এক বিরাট বড় চ্যালেঞ্জের মোকাবিলা করতে শেখ সাহেব ফিরে যাচ্ছেন তার পরিবারের কাছে, তার প্রিয় জনগণের কাছে"- বলেছিলেন মিসেস গান্ধী। হিন্দি বক্তৃতার শেষে মিসেস গান্ধী স্লোগান দিয়েছিলেন, 'জয় বাংলা'।

প্যারেড গ্রাউন্ডের সভায় শেখ মুজিবুর রহমানের সেই বাংলা বক্তৃতার যে অংশটা আকাশবাণীতে শোনানো হয়েছিল, তাতে তার গলায় শোনা যায়, "আমি বিশ্বাস করি সেকুলারিজমে, আমি বিশ্বাস করি গণতন্ত্রে, আমি বিশ্বাস করে সোশ্যালিজমে। আমাকে প্রশ্ন করা হয়, ইন্দিরা গান্ধীর সঙ্গে আপনার আদর্শে এত মিল কেন? আমি বলি, এটা আদর্শের মিল, এটা নীতির মিল, এটা মনুষ্যত্বের মিল, এটা বিশ্ব শান্তির মিল। আমি কিছুটা ইমোশনাল আজকে আপনারা বুঝতে পারেন, আমায় ক্ষমা করবেন। আবার আপনাদের ধন্যবাদ দিয়ে আমি বিদায় নিচ্ছি। জয় বাংলা, জয় হিন্দ"- এই বলে বক্তৃতা শেষ করেন শেখ মুজিবুর রহমান। কয়েক সেকেন্ডের বিরতি দিয়ে তিনি বলে ওঠেন, "জয় ইন্দিরা গান্ধী"। এরপরেই মিসেস গান্ধীকে মাইকে বলতে শোনা যায়, "বলুন, শেখ মুজিবুর রহমান জিন্দাবাদ।"

(বিবিসি ওয়েব পেজ : ১০.১.২৪ রিহাব)

## নতুন সংসদ গঠন, শপথ নিলেন শেখ হাসিনাসহ ২৯৮ জন সদস্য

দ্বাদশ পার্লামেন্টের সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাসহ নবনির্বাচিত ২৯৮ জন সংসদ সদস্য। বুধবার সকাল ১০টায় পার্লামেন্টে সংসদ সদস্য হিসেবে প্রথমে শপথ গ্রহণ করেন বর্তমান স্পিকার শিরীন শারমীন চৌধুরী। তিনি এই নির্বাচনে রংপুর-৬ আসন থেকে নির্বাচিত হয়েছেন। এরপর তিনি শেখ হাসিনাসহ অন্য সংসদ সদস্যদের একসাথে শপথ বাক্য পাঠ করান। জাতীয় পার্টি ও স্বতন্ত্র হিসাবে বিজয়ীরাও শপথ নিয়েছেন। এর মাধ্যমে বাংলাদেশে দ্বাদশ সংসদ গঠিত হলো। বৃহস্পতিবার বিকালে নতুন মন্ত্রিসভা গঠন হবে বলে জানা গেছে। সংসদ নেতা হিসেবে নির্বাচিত হয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ নিয়ে পঞ্চমবারের মতো সংসদ নেতা হলেন তিনি। একাদশ সংসদের মতো এবারও মতিয়া চৌধুরীকেই সংসদের উপনেতা হিসেবে নির্বাচন করেছেন আওয়ামী লীগের সংসদীয় দলের সদস্যরা। সেইসাথে, দ্বাদশ সংসদের চিফ হুইপ হিসেবেও থাকছেন নূর-ই-আলম চৌধুরী। বুধবার নূর-ই-আলম চৌধুরী বিবিসি বাংলাকে এ বিষয়ে নিশ্চিত করেন। বিরোধী দলের বিষয়ে কোনো ও সিদ্ধান্ত নেয়া হয়েছে কিনা জানতে চাইলে তিনি বলেন, "বিরোধী দলের বিষয়ে কোনো ও সিদ্ধান্ত হয় নি। আজ তো কেবল আমাদের শপথ হলো। সংসদ ডাকার পরে এ বিষয়ে সিদ্ধান্ত আসবে।"

বাংলাদেশে সদ্য সমাপ্ত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয় পেয়ে টানা চতুর্থ মেয়াদে সরকার গঠন করতে যাচ্ছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। বিএনপিবিহীন সাতই জানুয়ারির নির্বাচনে ২২২টি আসনে বিজয়ী হয়েছে আওয়ামী লীগ। তবে জোটের নেতারা নৌকা প্রতীকে নির্বাচন করে আরও দুটি আসন পেয়েছেন। জাতীয় পার্টি পেয়েছে ১১টি আসন আর কল্যাণ পার্টি পেয়েছে ১টি আসন। তবে প্রথমবারের মতো স্বতন্ত্র প্রার্থীরা পেয়েছেন রেকর্ড ৬২টি আসন, যাদের বেশিরভাগই আওয়ামী লীগের নেতা। ওই নির্বাচন ২৯৯টি আসনে নির্বাচন হলেও গোলযোগের কারণে একটি আসনের ফলাফল প্রকাশ স্থগিত রাখা হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় গণভবনে শপথ পাঠের মাধ্যমে নতুন সরকার দায়িত্ব নেবে, যদিও বর্তমান সরকারের বেশিরভাগ সদস্যই বহাল থাকবেন বলে ধারণা করা হচ্ছে। অনুষ্ঠানের নিয়মানুযায়ী, রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন প্রথম প্রধানমন্ত্রীকে, তারপর অন্যান্য মন্ত্রী-প্রতিমন্ত্রীদের শপথ বাক্য পাঠ করাবেন বলে জানা গেছে। নতুন মন্ত্রিসভায় সরকার প্রধান হিসেবে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাই থাকছেন। এবার নিয়ে তিনি পঞ্চমবারের মত প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন, যা বাংলাদেশের ইতিহাসে রেকর্ড। এছাড়া নতুন মন্ত্রিসভা কত সদস্যের হতে যাচ্ছে বা নতুন কারা মন্ত্রী হতে যাচ্ছেন, সে ব্যাপারে এখনও নির্দিষ্ট করে কিছু জানা যায়নি। তবে বিগত সরকারের বেশ কয়েকজন প্রতিমন্ত্রী নির্বাচনে জিততে না পারায় এবার মন্ত্রিসভায় বেশকিছু নতুন মুখ যোগ হতে

পারে বলে ধারণা করা হচ্ছে। মন্ত্রিসভার শপথ অনুষ্ঠানের জন্য দেশি-বিদেশি মিলিয়ে প্রায় দেড় হাজার অতিথিকে দাওয়াত দেওয়া হবে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব। সাতই জানুয়ারি নির্বাচনের পর গতকাল মঙ্গলবারই নির্বাচিত সদস্যদের গেজেট প্রকাশ করে নির্বাচন কমিশন। (বিবিসি ওয়েব পেজ : ১০.১.২৪ রিহাব)

## নির্বাচনের শেষ ঘণ্টায় ভোটের হার নিয়ে বিতর্ক যে কারণে

বাংলাদেশের সদ্য সমাপ্ত জাতীয় সংসদ নির্বাচনে স্বাক্ষর ছাড়া ফলাফল শিট, ভোটের অস্বাভাবিক হারের মতো নানা বিষয় নিয়ে আলোচনা চলছে। নির্বাচনের দিন সকাল থেকে কেন্দ্রে কেন্দ্রে কম ভোটারের উপস্থিতি থাকার পরেও ফলাফলে ৪১ শতাংশেরও বেশি ভোট পড়ার তথ্য অনেক নির্বাচন বিশ্লেষককে অবাক করেছে। তারা প্রশ্ন তুলছেন, প্রথম সাত ঘণ্টায় যেখানে ২৭ শতাংশ ভোট পড়েছে, সেখানে শেষ ঘণ্টায় কীভাবে আরও ১৪ শতাংশের মতো ভোট পড়লো?

দেশের ২৯৮টি আসনের ফলাফল বিশ্লেষণে দেখা যায়, সবচেয়ে কম ভোট পড়েছে রাজধানী ঢাকায়। এখানকার একটি আসনের এক কেন্দ্রের প্রিজাইডিং কর্মকর্তা বিবিসিকে বলেন, 'স্থানীয় এক আওয়ামী লীগ নেতা ভোটের পার্সেন্টেজ বাড়ানোর জন্য চাপ দিয়েছিলেন। কিন্তু আমি সেই সুযোগ দেই নাই।' তিনি জানান, তার কেন্দ্রে ভোট পড়েছে মাত্র আট শতাংশ। তবে ভোটের এই হারকে অস্বাভাবিক মনে করছে না নির্বাচন কমিশন। কমিশনার মোঃ আলমগীর বিবিসি বাংলাকে বলেন, "কিছু কিছু কেন্দ্রে প্রতিদ্বন্দ্বিতা হয় না বলে ভোট একটু কম পড়ছে। যে সব কেন্দ্রে হাড্ডাহাড্ডি লড়াই হয়েছে সেখানে ভোট বেশি পড়ছে।"

সাতই জানুয়ারির নির্বাচনে ভোটের হারে সবচেয়ে এগিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গোপালগঞ্জ-৩ আসন। এই আসনে দুই লাখ ৯০ হাজারের মধ্যে ভোট পড়েছে দুই লাখ ৫৩ হাজার। এখানে ভোট পড়ার হার ৮৭ দশমিক ২৪ শতাংশ। নির্বাচন কমিশন থেকে প্রকাশিত ফলাফলে দেখা যাচ্ছে, আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা একাই পেয়েছেন দুই লাখ ৪৯ হাজার ৯৬২ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সুপ্রিম পার্টির এম নিজাম উদ্দিন লস্কর পেয়েছেন মাত্র ৪৬৯ ভোট।

নির্বাচনে ২৯৮টি আসনের ফলাফলের চিত্র বলছে, সর্বনিম্ন ভোট পড়েছে রাজধানী ঢাকার একটি আসনে। ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার নির্বাচিত হয়েছেন ঢাকা-১৫ আসন থেকে। এই আসনে ভোট পড়েছে মাত্র ১৩ দশমিক চার শতাংশ। মিরপুরের এই আসনটিতে মোট ভোটার তিন লাখ ৪৪ হাজার। যার মধ্যে ভোট পড়েছে মাত্র ৪৪ হাজার ৯৩৬টি। আর ৩৯ হাজার ৬৩২ ভোট পেয়ে কামাল আহমেদ মজুমদার জয় পেয়েছে। যেখানে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জাতীয় পার্টির প্রার্থী মোঃ শামছুল হক পেয়েছে মাত্র ২ হাজার ৪৪ ভোট।

খাগড়াছড়ির লক্ষীছড়ি, পানছড়ি ও দীঘিনালা উপজেলার ১৯টি কেন্দ্রে সারাদিনে কোনো ও ভোট পড়েনি। আর রাঙ্গামাটির আটটি কেন্দ্রে কোনো ভোটই পড়েনি। এতগুলো কেন্দ্রে শূন্য ভোটের পরও দুই আসনের একটিতে প্রায় ৫০ শতাংশ আরেকটিতে ৫৯ শতাংশ ভোট পড়েছে। খাগড়াছড়ির লক্ষীছড়া উপজেলার বর্মাছড়ি উচ্চ বিদ্যালয়, কুতুবছড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও শুকনাছড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে কোনো ভোটার ভোট দিতে কেন্দ্রে যাননি। পাশের পানছড়ির উপজেলার ১১টিতে কোনো  ভোট পড়েনি। একটি মাত্র ভোট পড়েছে দক্ষিণ লতিবান সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে। খাগড়াছড়ির জেলা প্রশাসক ও রিটার্নিং কর্মকর্তা মোহাম্মদ সহিদুজ্জামান বিবিসি বাংলাকে বলেন, কিছু কিছু জায়গায় আঞ্চলিক দলগুলোর প্রতিরোধের ঘোষণার কারণে হয়ত এর একটা ইমপ্যাক্ট পড়েছিল। রাঙ্গামাটির ফলাফলও বিশ্লেষণে দেখা যাচ্ছে, মোট চার লাখ ৭৪ হাজার ভোটের মধ্যে দুই লাখ ৭১ হাজার ভোট পেয়ে এই আসন থেকে বিজয়ী হয়েছেন আওয়ামী লীগের দীপঙ্কর তালুকদার। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাংস্কৃতিক মুক্তিজোটের প্রার্থীর ভোট মাত্র ৪ হাজার ৯শ। কোনো  ভোট পড়েনি অনেকগুলো কেন্দ্রে। আর ২১৩টি ভোটকেন্দ্রের মধ্যে আটটি কেন্দ্রেই নৌকা প্রার্থীর ভোট মাত্র দশটির নিচে। খাগড়াছড়ি আসনের বেশ কিছু কেন্দ্রের ফলাফল বিশ্লেষণ করেছে বিবিসি। সেখানে দেখা যাচ্ছে, অনেক কেন্দ্রের ফলাফল শিটে কোনো পোলিং এজেন্টদের স্বাক্ষর নেই। আবার কোনো কোনো ফলাফল শিটে তিন আওয়ামী লীগের এজেন্টের স্বাক্ষর মিলেছে। প্রতিপক্ষ সোনালি আঁশের প্রার্থীর একাধিক এজেন্টের স্বাক্ষরও মিলেছে বিভিন্ন ফলাফল শিটে।

নির্বাচন বিশ্লেষক ড. আব্দুল আলীম বিবিসি বাংলাকে বলেন, "নিয়ম হলো গণনার সময় এক কেন্দ্রের একজনই এজেন্ট থাকবেন। বাড়তি থাকতে পারবেন না। একই প্রার্থীর যদি একাধিক এজেন্ট থাকে তাহলে সেটা অবৈধ।" খাগড়াছড়ির শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে যে এক হাজার ৮৩৮ ভোট পড়েছে তার মধ্যে নৌকা মার্কায় কুজেন্দ্র লাল ত্রিপুরা একাই পেয়েছেন এক হাজার ৬১৯ ভোট। যেখানে অস্বাভাবিক ভোটের চিত্র দেখা যাচ্ছে এমন বেশ কিছু কেন্দ্রের নৌকার একাধিক এজেন্টের স্বাক্ষর ছিলো। আবার অনেক ফলাফল শিটে কোনো এজেন্টের স্বাক্ষর পাওয়া যায়নি।

খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এক হাজার ৮০৯ ভোটের মধ্যে এক হাজার ৭২৩ ভোটই পেয়েছেন নৌকার প্রার্থী। যেখানে আওয়ামী লীগ ছাড়া কোনো প্রার্থীর এজেন্টই ছিল না। রহমতপুর কুমিল্লাটিলা সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে নয়শত উনত্রিশ ভোটের মধ্যে ৮৩১টিই পড়েছে নৌকা মার্কায়। যে কেন্দ্রে কোনো প্রার্থীরই এজেন্ট ছিল না। কেননা ফলাফল শিটে তাদের কোনো  স্বাক্ষর দেখা যায়নি। নৌকা মার্কার চারজন পোলিং এজেন্টের স্বাক্ষর পাওয়া গেছে পুঁজগাং সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে। এই কেন্দ্রে ১২৪ ভোটের মধ্যে ১১০টি ভোটই আওয়ামী লীগ প্রার্থীর। এই আসনের সবগুলো কেন্দ্রের ফলাফলের শিট রয়েছে বিবিসির হাতে। সেখানে বেশিরভাগ কেন্দ্রেই প্রদত্ত ভোটের

নব্বই থেকে পঁচানব্বই শতাংশ ভোট পড়েছে নৌকা মার্কায়। করনাতলীর বিটি উচ্চ বিদ্যালয় কেন্দ্র। এই কেন্দ্রের পনেরো শত ভোটের মধ্যে এক হাজার ভোট পড়েছে। যার সবগুলো পড়েছে নৌকা মার্কায়। বাঘাইঘহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রের দুই হাজার ৮৫১ ভোটারের মধ্যে ভোট দিয়েছে দুই হাজার ১০০ জন। এই কেন্দ্রের মাত্র চারটি বাদে বাকিগুলো পড়েছে নৌকা মার্কায়। সদ্য শেষ হওয়া এই নির্বাচনে ঢাকার ২০টি আসনের মধ্যে ১৫টিই সিটি করপোরেশন এলাকায়। এই আসনগুলোতে ভোটের হার তুলনামূলক অনেক কম ছিলো। ঢাকা-১৫ আসনে ১৩ দশমিক চার শতাংশের পরে কম পড়েছে গুলশান-বনানী-মহাখালী এলাকা নিয়ে গঠিত ঢাকা-১৭ আসন। এই আসনের তিন লাখ ২৩ হাজার ভোটারের মধ্যে ভোট দিয়েছেন মাত্র ৫৩ হাজার ৯৫৭ জন। অর্থাৎ ভোট পড়েছে মাত্র ১৬ দশমিক ৬৬ শতাংশ। আওয়ামী লীগের মোহাম্মদ আলী আরাফাত ৪৮ হাজার ৫৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। ঢাকা-৮ আসনে আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাসিম জিতেছেন মাত্র ৪৬ হাজার ৬১০ ভোট পেয়ে। এই আসনে ভোট পড়েছে মাত্র ১৮ দশমিক ৭০ শতাংশ। এদিকে, ১৯ দশমিক ৮৮ শতাংশ ভোট পড়েছে ঢাকা-১৬ আসনে। ঢাকা-১৪ আসনে ভোট পড়েছে ২০ দশমিক ৮২ ভাগ। ঢাকা-৯, ঢাকা-১০ এবং ঢাকা-১১ এই তিনটি আসনেই ভোটের হার ২১ শতাংশের ঘরে। সিটি করপোরেশন এলাকায় সবচেয়ে বেশি ৩০ দশমিক ০৫ শতাংশ ভোট পড়েছে ঢাকা-১২ আসনে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান এই আসন থেকে জিতেছেন নৌকা মার্কায়। ঢাকা-১১ আসনে হলিক্রিসেন্ট স্কুলের একটি কেন্দ্রের ফলাফলে দেখা যাচ্ছে তিন হাজার ৩৬৮ জন ভোটারের মধ্যে ভোট দিয়েছেন মাত্র ২৮৮ জন। যার মধ্যে আওয়ামী লীগ প্রার্থী ওয়াকিল আহমেদ একাই পেয়েছেন ২৪৯টি। পাশের আরেকটি কেন্দ্র রামপুরার খালেদ হায়দার মেমোরিয়াল হাই স্কুল কেন্দ্রের মোট ভোটার দুই হাজার ৫৭১ জন। এখানে ভোট পড়েছে মাত্র ২৯৭টি। যার মধ্যে ২৭১টিই পেয়েছেন নৌকার প্রার্থী। বাকি সাতজন প্রার্থীর ভোট মাত্র ২৬টি।

ফলাফল বিশ্লেষণ করে বিবিসি দেখছে ঢাকার বেশিরভাগ আসনেই ভোটার উপস্থিতি ছিল ১৩ থেকে ৩০ শতাংশের মধ্যে। দিনভর কেন্দ্রগুলোতে হাতেগোনা ভোটার উপস্থিতি থাকলেও ফলাফলের পর অনেক কেন্দ্রেরই ভোটার উপস্থিতি হার নিয়ে কিছু প্রশ্ন তৈরি হয়েছে। ঢাকা-১১ আসনের বেশ কিছু কেন্দ্রের ফলাফল বিশ্লেষণ শেষে বিবিসির সংবাদদাতা কথা বলেন একটি কেন্দ্রের প্রিজাইডিং কর্মকর্তার সাথে। নাম প্রকাশ না করার শর্তে একজন প্রিজাইডিং কর্মকর্তা বিবিসি বাংলাকে বলেন, ভোটার প্রথম থেকেই আসছিল না। ভোট চলাকালে দুইজন আসছিল ভোট দিতে, যারা ভোটার না। কিন্তু তাদের সুযোগ দেই নাই। তিনি বলছিলেন, "পরে এক নেতা আসলো, আমাকে বলছিল কিছু পার্সেন্টেজ বাড়াতে হবে। আমি বলছি এটা সম্ভব না, পার্সেন্টেজ বাড়াতে হবে আপনি বাইরে গিয়ে ভোটার আনেন। তখন কেন্দ্রের যে আর্মস ম্যান থাকে তাকে বাইরে ডাকে ঐ নেতা। সেটা করা হয়েছিল আমাকে ভয় দেখানোর জন্য। কিন্তু আমি কাউকেই অনৈতিক সুযোগ দেই নাই।" ওই প্রিসাইডিং কর্মকর্তা জানান, দিন শেষে তার কেন্দ্রের ভোটের হার দাঁড়ায় মাত্র আট শতাংশ।

নির্বাচন বিশ্লেষক ড. আব্দুল আলীম বিবিসি বাংলাকে বলেন, বিকাল তিনটার দিকে নির্বাচন কমিশন যে ভোটের হার দেখিয়েছে সেখানে ভোটের হার ছিল ২৭ দশমিক ১৫ ভাগ। তিনটা থেকে চারটা এক ঘণ্টায় টার্ন আউট বেড়েছে ১৪ শতাংশের মতো। "আমরা যদি অন্য বছরে নির্বাচনের সাথে তুলনা করি এটা অস্বাভাবিক মনে হয়। নির্বাচন কমিশন থেকে কোনো ব্যাখ্যা এটার জন্য দেয়া হয় নাই"- বলছিলেন মি. আলীম।

এবারের নির্বাচনে সবচেয়ে বেশি ভোট দেখা যাচ্ছে গোপালগঞ্জ-২ আসনের আওয়ামী লীগের প্রার্থী শেখ ফজলুল করি সেলিমের। তিনি এই আসন থেকে ভোট পেয়েছেন দুই লাখ ৯৫ হাজার ২৯১টি। বিপরীতে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জাতীয় পার্টির কাজী শাহিনের ভোট মাত্র এক হাজার ৫১৪। ভোটার উপস্থিতির হার এখানে ৮৩ শতাংশেরও বেশি। সিরাজগঞ্জ-১ আসন থেকে দুই লাখ ৭৮ হাজার ভোট পেয়ে জয় পান আওয়ামী লীগের তানভীর সাকিল জয়। যেখানে তার প্রতিপক্ষের ভোট মাত্র তিন হাজার ১৩৯। বরিশাল-১ আসন থেকে নৌকার প্রার্থী আবুল হাসনাত আব্দুল্লাহ এক লাখ ৭৬ হাজার ভোট পেয়ে জিতলেও, তার প্রতিদ্বন্দ্বী পেয়েছে মাত্র চার হাজার ১২২ ভোট। ভোট বিশ্লেষণে দেখা যাচ্ছে, যে সব আসনে তেমন কোনো প্রতিযোগিতা ছিল না, অর্থাৎ দুর্বল প্রতিদ্বন্দ্বিতার আসনেই ভোটার উপস্থিতি হার ছিল অনেক বেশি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক আসিফ নজরুল বিবিসিকে বলেন, "যে দল তিনটি প্রশ্নবিদ্ধ নির্বাচন করে ক্ষমতায় থাকতে পারে, সেই দল মানুষের সংখ্যা নিয়ে ম্যানুপুলেট করতে পারে।" তবে নির্বাচন কমিশনার মোঃ. আলমগীর বলেন, যেখানে প্রতিযোগিতা কম হইছে সেখানে পার্সেন্টেজ কম।

পটুয়াখালী-১ আসনে ৮০ হাজার ৭৩২ ভোট পেয়ে জয় পেয়েছেন জাতীয় পার্টির রুহুল আমিন হাওলাদার। এই আসনে ভোটের হার ছিল মাত্র ২৪ দশমিক ৩২ শতাংশ। রংপুরকে বলা হয় জাতীয় পার্টির ঘাটি। রংপুর-৩ আসন থেকে দলটির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হুসেইন মুহাম্মদ এরশাদ কয়েকবার সংসদ সদস্য নির্বাচিতও হন। সাতই জানুয়ারির নির্বাচনে এই আসন থেকে ৮১ হাজার ৬৬১ ভোট পেয়ে এবার নির্বাচিত হন দলটির বর্তমান চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের। তার প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী আনোয়ারা ইসলাম রানী এই আসন থেকে ভোট পেয়েছেন ২৩ হাজার ৩২৬টি। নির্বাচন কমিশনের ফলাফল বিশ্লেষণে দেখা যায়, এই আসনে ভোট পড়েছে মাত্র ২২ দশমিক ৩৬ শতাংশ।

চট্টগ্রাম-৫ আসনে মোট ভোটার চার লাখ ৭৫ হাজার। যার মধ্যে মাত্র ৫০ হাজার ৯৭৭ ভোট পেয়ে জয়ী হয়েছেন জাতীয় পাটির নেতা আনিসুল ইসলাম মাহমুদ। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মুহাম্মদ শাজাহান চৌধুরী পেয়েছেন ৩৯ হাজার ২৫১ ভোট, ফলাফলের হিসেব দেখাচ্ছে এই আসনে ভোট পড়েছে মাত্র ২০ শতাংশ। ভোটের এই হার নিয়ে প্রশ্ন তুলছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও রাজনৈতিক বিশ্লেষক মোহাম্মদ কামরুল আহসান। তিনি বিবিসি বাংলাকে বলেন, "ভোটার উপস্থিতি নিয়ে গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে যে চিত্র আমরা দেখেছি, আর যে ফলাফল ঘোষণা করেছে ইসি তার কোনো মিল নেই। এটাকে মেনুপুলেট রেজাল্ট মনে হচ্ছে"- বলছিলেন মি. আহসান। নির্বাচন কমিশনার মোঃ আলমগীর অবশ্য বিবিসিকে বলেছেন, "আমাদের কাছে যে রেজাল্ট আছে সেখানে সব এজেন্টের স্বাক্ষর আছে। আমরা ভোটের ফলে অস্বাভাবিক কিছু দেখিনি।" (বিবিসি ওয়েব পেজ : ১০.১.২৪ রিহাব)

## নির্বাচন নিয়ে পশ্চিমাদের প্রতিক্রিয়া কি শুধু বিবৃতিতেই সীমিত থাকবে?

বাংলাদেশে সাতই জানুয়ারি অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের মধ্যে বিভক্তি এখন অনেকটাই প্রকাশ্য। তবে যুক্তরাষ্ট্রসহ পশ্চিমাদের পরবর্তী পদক্ষেপ কী হয় তা নিয়ে কৌতূহল আছে জনমনে, এমন কি দেশের রাজনৈতিক অঙ্গনেও। যদিও বিশ্লেষকরা বলছেন যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা দেশগুলোর পরবর্তী পদক্ষেপ বুঝতে আরো সময় লাগতে পারে। কারণ তারা তাদের ইন্দো-প্যাসিফিক স্ট্রাটেজির আলোকে এবং এই অঞ্চলের সার্বিক পরিস্থিতি বিশ্লেষণ করে বাংলাদেশের ক্ষেত্রে সিদ্ধান্ত নিতে পারেন বলে মনে করছেন তারা। বাংলাদেশের সাবেক পররাষ্ট্র সচিব তৌহিদ হোসেন অবশ্য বলছেন নির্বাচনের আগের চেয়ে নির্বাচনের পরে যুক্তরাষ্ট্রের প্রতিক্রিয়া তার কাছে কিছুটা নমনীয় মনে হয়েছে। যুক্তরাষ্ট্রে বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবির বলছেন বাংলাদেশ কোনো ও অনিশ্চয়তায় পড়তে পারে, এমন কোনো ও সিদ্ধান্ত আসার ইঙ্গিত যুক্তরাষ্ট্রের দিক থেকে আছে বলে তার কাছে মনে হয় না।

প্রসঙ্গত, সাতই জানুয়ারির নির্বাচনের পরপর চীন, ভারত, রাশিয়া ও জাপানসহ অনেকগুলো দেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করে তাকে অভিনন্দন জানিয়েছেন। অন্যদিকে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য বলেছে বাংলাদেশের নির্বাচন অবাধ ও সুষ্ঠু নির্বাচনের আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী হয়নি। ফলে রাজনৈতিক অঙ্গনে এখন বড় প্রশ্ন হল, 'আন্তর্জাতিক মানদণ্ডে' না হওয়া নির্বাচনের ফল নিয়ে পশ্চিমারা নতুন কোনো ও পদক্ষেপ নেয় কি না। কিংবা নির্বাচন নিয়ে আনুষ্ঠানিক যে বিবৃতি এসেছে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের দিক থেকে, তাতে অন্য কোনো ও ইঙ্গিত আছে কি না। কারণ এর আগে অবাধ ও সুষ্ঠু নির্বাচনে বাধা প্রদানকারীদের বিরুদ্ধে ভিসা নীতি প্রয়োগের ঘোষণা দিয়েছিল যুক্তরাষ্ট্র।

নির্বাচনে আওয়ামী লীগ ২২২টি আসন পেয়েছে। বিরোধী দল বিএনপি ও সমমনা দলগুলো এ নির্বাচন বর্জন করেছে। নির্বাচনে জয়ী এমপিরা বুধবার সংসদ ভবনে শপথ গ্রহণ করেছেন। একই সঙ্গে শেখ হাসিনা আবারো শাসক দল আওয়ামী লীগের সংসদীয় নেতা নির্বাচিত হয়েছেন। সোমবার যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের মুখপাত্র ম্যাথিউ মিলারের কার্যালয় থেকে ইস্যু করা বিবৃতিতে বলা হয়েছিল, যুক্তরাষ্ট্র বাংলাদেশের জনগণ এবং তাদের গণতন্ত্র, শান্তিপূর্ণ সমাবেশ ও মতপ্রকাশের স্বাধীনতার প্রতি তাদের আকাঙ্ক্ষাকে সমর্থন করে। সেই সাথে, বাংলাদেশের এই নির্বাচন সুষ্ঠু ও অবাধ হয়নি বলে অন্য পর্যবেক্ষকদের প্রতিক্রিয়ার সাথে যুক্তরাষ্ট্র একমত বলে জানানো হয় বিবৃতিতে। এছাড়া নির্বাচনে সব দল অংশগ্রহণ না করায় হতাশা প্রকাশ করা হয়। এই হতাশা উঠে এসেছে ইউরোপীয় ইউনিয়নের প্রতিক্রিয়াতেও। "স্বচ্ছতা ও জবাবদিহিতার চেতনার ওপর ভিত্তি করে" নির্বাচনে যেসব অনিয়ম হয়েছে তার সময়োপযোগী ও পূর্ণাঙ্গ তদন্তের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছে সংস্থাটি। আর যুক্তরাজ্য বলেছে নির্বাচনে সব দল অংশ না নেওয়ায় বাংলাদেশের মানুষের হাতে ভোট দেওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক বিকল্প ছিল না। নির্বাচনের আগে বিরোধী রাজনৈতিক দলের বহু সংখ্যক কর্মীর গ্রেফতার নিয়ে যুক্তরাষ্ট্রের মতো যুক্তরাজ্যও উদ্বেগ প্রকাশ করেছে।

অন্য দিকে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক প্রধান ভলকার টার্ক এক বিবৃতিতে বাংলাদেশে নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতা, বিরোধী রাজনৈতিক কর্মীদের গ্রেফতার এবং আটকাবস্থায় মৃত্যুর ঘটনায় উদ্বেগ জানিয়েছেন। তিনি প্রকৃত 'অন্তর্ভুক্তিমূলক গণতন্ত্রে'র জন্য সরকারকে 'গতিপথ পরিবর্তন করার'ও আহবান জানিয়েছেন নির্বাচনের পর শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে দ্রুততার সাথে প্রতিক্রিয়া জানিয়েছিল চীন, রাশিয়া ও ভারত। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ফোনে শেখ হাসিনার সাথে কথাও বলেছেন। এছাড়া জাপান, সৌদি আরবসহ আরও অনেক দেশের রাষ্ট্রদূত ঢাকায় সশরীরে গিয়ে শেখ হাসিনার সাথে সাক্ষাৎ করে অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছা জানিয়ে বার্তা এসেছে কমনওয়েলথ মহাসচিবের দিক থেকেও। বাংলাদেশের বিষয়ে যুক্তরাষ্ট্রের অবস্থানের পরিবর্তনের প্রকাশ শুরু হয়েছিল ২০২১ সালের ডিসেম্বরে র‍্যাবের ওপর নিষেধাজ্ঞার মাধ্যমে। তবে নির্বাচন নিয়ে যুক্তরাষ্ট্রসহ পশ্চিমারা মূলত শক্ত অবস্থান নিতে শুরু করে গত বছরের মে মাস থেকে, যার বহিঃপ্রকাশ ঘটে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী যখন বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ জাতীয় নির্বাচনের স্বার্থে এক নতুন ভিসা নীতির কথা ঘোষণা করেন। তবে এর আগেই বাংলাদেশকে নিয়ে বিবৃতি ও পাল্টা বিবৃতি শুরু হয় যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে। শেখ হাসিনার সরকারকে প্রকাশ্যে সমর্থন জানায় চীন। শেষ দিকে এসে দিল্লিতে যুক্তরাষ্ট্র ও ভারতের মধ্যকার টু প্লাস টু বৈঠকের পর ভারত আনুষ্ঠানিকভাবে জানায় নির্বাচনটি বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়। ভারতের এমন অবস্থান তীব্র ক্ষোভ প্রকাশ করে বিরোধী দল বিএনপি। অন্যদিকে গণতন্ত্র ও মানবাধিকার ইস্যুতে আন্তর্জাতিক সংস্থাগুলো সরকারের সমালোচনায় মুখর হয়ে ওঠে এবং একটি 'অন্তর্ভুক্তিমূলক নির্বাচনের' জন্য পশ্চিমারা সরকারের ওপর চাপ বাড়াতে থাকে।

সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবির বলছেন "আগের বিভক্তিটাই নির্বাচনের পরেও দেখা যাচ্ছে। এখন বিভিন্ন দেশ বাংলাদেশের রাজনৈতিক প্রক্রিয়া নিয়ে তাদের অবস্থান প্রকাশ করছে। হয়ত সরকার গঠন কার্যক্রম সম্পন্ন হলে তাদের অবস্থান আরও পরিষ্কার হবে।" তৌহিদ হোসেনও মনে করেন, 'জাপান ছাড়া' বাকি দেশগুলো যে প্রতিক্রিয়া দেখাচ্ছে সেটাই স্বাভাবিক। তার কথায়, "ভারত, চীন বা রাশিয়া আগের মতোই বলছে এবং এটাই স্বাভাবিক। আর মধ্যপ্রাচ্য কখনো নির্বাচন নিয়ে মাথা ঘামায় না। অর্থাৎ আগের পরিস্থিতিই আছে।" বিশ্লেষকরা বলছেন এখন পর্যন্ত যেসব দেশ নির্বাচন নিয়ে প্রতিক্রিয়া দেখিয়েছে তারা নিজেদের স্বার্থেই যার যার অবস্থান প্রকাশ করেছেন। যদিও যুক্তরাষ্ট্রসহ পশ্চিমাদের দিক থেকে প্রাথমিক প্রতিক্রিয়ার ধারাবাহিকতায় নতুন কোনো সিদ্ধান্ত আসবে কি না, তা নিয়ে কৌতূহল আছে।

অনেকে মনে করেন আন্তর্জাতিক ক্ষেত্রে প্রভাবশালী সিভিল সোসাইটি গোষ্ঠী - যেমন অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল কিংবা হিউম্যান রাইটস ওয়াচের মতো সংগঠনগুলো ছাড়াও বৈশ্বিক গণমাধ্যমগুলো বাংলাদেশের নতুন সরকারকে ঘিরে কী ধরনের অবস্থান নেয় সেটিও মার্কিন প্রশাসনকে প্রভাবিত করতে পারে। "বাংলাদেশের গণতান্ত্রিক চরিত্র প্রশ্নের মুখে পড়ছে-এমন আলোচনা গ্লোবাল মিডিয়া করছে। এ নির্বাচনকে তারা কীভাবে ব্যাখ্যা করবে তার উপরও আন্তর্জাতিক জনমত কোনো দিকে যাবে তা নির্ভর করবে। এগুলো থেকে বোঝা যাবে সামনের দিনগুলো কেমন যাবে"- বলছিলেন মি. কবির।

বাংলাদেশের সঙ্গে একটি "অবাধ ও মুক্ত ভারত -প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গঠন, মানবাধিকার ও বাংলাদেশের নাগরিক সমাজের প্রতি সমর্থন অব্যাহত রাখতে" যুক্তরাষ্ট্র আগ্রহী বলে নির্বাচন নিয়ে দেওয়া তাদের বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ যুক্তরাষ্ট্র কিছুটা হলেও ইঙ্গিত দিয়েছে যে ইন্দো প্যাসিফিক অংশীদারিত্বের ক্ষেত্রে তারা বাংলাদেশকে নিয়ে কাজ করতে চায়। হুমায়ুন কবির বলছেন ওই বিবৃতিতে আর কোনো ও ব্যবস্থা নেয়ার ইঙ্গিত না থাকলেও তারা হয়ত এখন পরিস্থিতি পর্যালোচনা করছে। "তাদের বিবেচনায় যদি মনে হয় কোনো ও ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্বাচন প্রক্রিয়ার বিপক্ষে কাজ করেছে তাহলে সে দিকে তারা যেতে পারে"- বলছিলেন তিনি। আর তৌহিদ হোসেন বলছেন নির্বাচনের পর যুক্তরাষ্ট্র যে প্রতিক্রিয়া দেখিয়েছে সেটি তাদের আগের অবস্থানের তুলনায় নমনীয় মনে হয়েছে তার কাছে। পাশাপাশি তিনি এ কথাও বলছেন, "কিন্তু আমাদের আরও প্রায় ছয় মাস দেখতে হবে যে যুক্তরাষ্ট্র কোনো দিকে আগায়। বাংলাদেশের বিষয়ে যুক্তরাষ্ট্রের আরও কোনো ব্যবস্থা নেয়ার ক্ষেত্রে আসলে কোনো ও পরিবর্তন ঘটে থাকলে সেটা টু প্লাস টুর সময়েই ঘটেছে। কিন্তু তখনি বোঝা গেছে দুই পক্ষের (ভারত ও আমেরিকার) স্বার্থ এক হচ্ছে না। আমেরিকার প্রতিক্রিয়া আগের তুলনায় নমনীয় মনে হচ্ছে। কিন্তু আমাদের আরও প্রায় ৬ মাস দেখতে হবে যে যুক্তরাষ্ট্র কোনো দিকে আগায়"- বলেছিলেন তৌহিদ হোসেন।

দক্ষিণ এশিয়ার তিনটি দেশ এখন রাজনৈতিক ভাবে অস্থির অবস্থা পার করছে। এগুলো হলো পাকিস্তান, শ্রীলঙ্কা ও মালদ্বীপ। আবার ভারতেও সামনে নির্বাচন। অনেকে মনে করেন আঞ্চলিক কারণেই নতুন করে বাংলাদেশে কোনো ও অস্থির পরিস্থিতি তৈরি হতে পারে এমন কোনো পদক্ষেপ পশ্চিমাদের দিক থেকে নাও আসতে পারে। যদিও বাংলাদেশের নির্বাচন ইস্যুতে ভারতের সাথে যুক্তরাষ্ট্রের অবস্থানের পার্থক্য যুক্তরাষ্ট্র নিজেও তুলে ধরেছে। বিশ্লেষকরা মনে করেন এ কারণেই গত দু বছর বাংলাদেশ নিয়ে আলাদা তৎপরতা দেখিয়েছে যুক্তরাষ্ট্র। অন্যদিকে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের দ্বিপাক্ষিক সম্পর্কও বহুমাত্রিকতা পেয়েছে নানাভাবে। "বাংলাদেশ যুক্তরাষ্ট্র সম্পর্ক এমন পর্যায়ে আছে সেখানে ভারতের ভূমিকা খুব একটা কাজে আসবে না। তবে যুক্তরাষ্ট্র এমন কোনো ও সিদ্ধান্ত হয়ত নেবে না যাতে নতুন অনিশ্চয়তা তৈরি হতে পারে। আর মনে রাখতে হবে যুক্তরাষ্ট্র যখন সিদ্ধান্ত নেয় তখন শুধু বাংলাদেশ না, পুরো ইন্দো প্যাসিফিক কৌশলসহ এ অঞ্চলের অবস্থা পর্যালোচনা করেই সিদ্ধান্ত নেয়"- বিবিসিকে বলছিলেন মি. কবির।

তৌহিদ হোসেন বলেন দিল্লিতে টু প্লাস টু বৈঠকের সময়েই পরিষ্কার হয়ে গেছে যে বাংলাদেশের বিষয়ে যুক্তরাষ্ট্র ও ভারতের স্বার্থ এক হচ্ছে না। "এখন শুধু ভিসা নিষেধাজ্ঞা আসলে তাতে সরকারের কোনো ও সমস্যা হবে না। এই চ্যালেঞ্জ সরকার মোকাবেলা করতে পারবে"- বলছিলেন তিনি। তবে তার মতে পশ্চিমাদের সঙ্গে বৈরী সম্পর্ক তৈরির সুযোগ নেই। "বাংলাদেশ তা এফোর্ড করতে পারি না, কারণ সেটিই আমাদের বাজার। যদিও তেমন কোনো ইঙ্গিত নাই যে সেখানে হাত আসবে। তারপরেও সরকারকে সতর্ক থেকে সেই বাজার ঠিক রাখতে হবে"- বলছিলেন মি. হোসেন। (বিবিসি ওয়েব পেজ : ১০.১.২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করতে বাংলাদেশ সরকারের প্রতি অস্ট্রেলিয়ার আহ্বান

মানবাধিকার, আইনের শাসন ও উন্নয়নের প্রসারে সহায়ক গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করতে বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানিয়েছে অস্ট্রেলিয়া। বুধবার (১০ জানুয়ারি) বাংলাদেশের নির্বাচন নিয়ে এক বিবৃতিতে অস্ট্রেলিয়া সরকার বলেছে, "অস্ট্রেলিয়া একটি উন্মুক্ত, স্থিতিশীল, সমৃদ্ধ ও অন্তর্ভুক্তিমূলক অঞ্চলের জন্য নিজেদের অভিন্ন লক্ষ্য অর্জনে ঘনিষ্ঠ অংশীদার হিসেবে বাংলাদেশের সঙ্গে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।"৭ জানুয়ারি বাংলাদেশে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনের ফলাফল নিয়ে এই বিবৃতি দেয় অস্ট্রেলিয়া। দেশটির পররাষ্ট্র ও বাণিজ্য মন্ত্রণালয়ের দেওয়া এই বিবৃতিতে বলা হয়, "যদিও আমরা এই সত্যকে স্বাগত জানাই, লাখ লাখ বাংলাদেশি ভোটার নির্বাচনের

দিন তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন, তবে এটি দুঃখজনক যে, নির্বাচন এমন এক পরিবেশে অনুষ্ঠিত হয়েছে যেখানে সমস্ত অংশীজনরা অর্থবহ এবং উল্লেখযোগ্যভাবে অংশ নিতে পারেনি।"বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধু হিসেবে অস্ট্রেলিয়া বলেছে, নির্বাচনকে সামনে রেখে সংঘটিত সহিংসতা ও রাজনৈতিক বিরোধী দলীয় সদস্যদের গ্রেপ্তারে তারা উদ্বিগ্ন। বিবৃতিতে আরও বলা হয়, অবাধ ও সুষ্ঠু নির্বাচনের গুরুত্ব অস্ট্রেলিয়া ধারাবাহিকভাবে বাংলাদেশের কাছে তুলে ধরেছে। (ভোয়া ওয়েব পেজ: ১১.০১.২০২৪ এলিনা)

## বৃহস্পতিবার হাসপাতাল থেকে বাসায় ফিরবেন: খালেদা জিয়া

বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়া পাঁচ মাস চিকিৎসাধীন থাকার পর বৃহস্পতিবার (১১ জানুয়ারি) এভারকেয়ার হাসপাতাল থেকে বাসায় ফিরবেন বলে জানিয়েছেন তাঁর চিকিৎসক ও দলের ভাইস চেয়ারম্যান এ জেড এম জাহিদ হোসেন। তিনি বলেন, "ম্যাডামকে (খালেদা জিয়া) আগামীকাল (বৃহস্পতিবার) বিকেলে বাসায় আনা হবে। মেডিকেল বোর্ড তাঁকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।" জাহিদ হোসেন বলেন, মেডিকেল বোর্ড বৃহস্পতিবার থেকে খালেদা জিয়াকে তাঁর গুলশানের বাসায় প্রয়োজনীয় চিকিৎসা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। তিনি বলেন, "এ বিষয়ে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।"২০২৩ সালের ৯ আগস্ট হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তাঁকে এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। এরপর থেকে নানা শারীরিক জটিলতায় সেখানে চিকিৎসাধীন রয়েছেন তিনি।

৭৮ বছর বয়সী সাবেক প্রধানমন্ত্রী দীর্ঘদিন ধরে লিভার সিরোসিস, আর্থ্রাইটিস, ডায়াবেটিস, কিডনি, ফুসফুস, হার্ট ও চোখের সমস্যাসহ বিভিন্ন রোগে ভুগছেন। খালেদা জিয়ার পেট ও বুকে পানি বৃদ্ধি এবং লিভারে রক্তক্ষরণ বন্ধে ২৬ অক্টোবর ট্রান্সজুগার ইন্ট্রাহেপাটিক পোর্টোসিস্টেমিক শন্ট (টিআইপিএস পদ্ধতি) নামে পরিচিত হেপাটিক পদ্ধতি সম্পন্ন করেন যুক্তরাষ্ট্রের তিন বিশেষজ্ঞ চিকিৎসক। জনস হপকিনস ইউনিভার্সিটির স্কুল অফ মেডিসিনের চিকিৎসক হামিদ রব, ক্রিস্টোস জর্জিয়াডেস ও জেমস পি এ হ্যামিল্টন ২৫ অক্টোবর বাংলাদেশে এসে খালেদা জিয়ার শারীরিক অবস্থা ও পরীক্ষার রিপোর্ট পর্যালোচনা করে টিআইপিএস প্রক্রিয়া সম্পন্ন করার সিদ্ধান্ত নেন। টিআইপিএস এমন একটি পদ্ধতি যা পোর্টাল শিরাগুলোকে নিম্ন চাপযুক্ত সংলগ্ন রক্তনালীগুলোর সঙ্গে সংযুক্ত করতে একটি স্টেন্ট (টিউব) সন্নিবেশ করে। এটি রোগাক্রান্ত লিভারের মাধ্যমে প্রবাহিত রক্তের চাপ উপশম করে এবং রক্তপাত এবং তরল ব্যাকআপ বন্ধ করতে সহায়তা করতে পারে। একটি টিআইপিএস পোর্টাল শিরা (পোর্টাল হাইপারটেনশন নামে পরিচিত) এর উচ্চ রক্তচাপকে উপশম করে যা প্রায়শই লিভার সিরোসিসের বিন্যাসে ঘটে। ২০২১ সালের নভেম্বরে লিভার সিরোসিস ধরা পড়ার পর থেকেই খালেদা জিয়াকে বিদেশে পাঠানোর পরামর্শ দিয়ে আসছেন চিকিৎসকেরা। বিএনপির চেয়ারপারসনের পরিবারও বিভিন্ন সময় সরকারের কাছে অনুমতি চেয়েছিল। কিন্তু আইনমন্ত্রী আনিসুল হক বলেন, দুর্নীতির মামলায় সাজা স্থগিত করে শর্তসাপেক্ষে মুক্তি পাওয়ায় খালেদা জিয়ার চিকিৎসার জন্য বিদেশে যাওয়ার কোনো সুযোগ নেই। ২০২০ সালে শর্তসাপেক্ষে কারাগার থেকে মুক্তি পাওয়ার পর থেকে হৃদরোগ বিশেষজ্ঞ অধ্যাপক শাহাবুদ্দিন তালুকদারের নেতৃত্বে একটি মেডিকেল বোর্ডের অধীনে হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন বিএনপি চেয়ারপারসন। জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি খালেদা জিয়াকে পাঁচ বছরের কারাদণ্ড দিয়ে পুরান ঢাকার কারাগারে পাঠানো হয়। পরে একই বছর দুর্নীতির আরেকটি মামলায় তাকে দোষী সাব্যস্ত করা হয়। করোনাভাইরাস প্রাদুর্ভাবের মধ্যে গুলশানের বাসায় অবস্থান এবং দেশ ত্যাগ না করার শর্তে সরকার ২০২০ সালের ২৫ মার্চ এক নির্বাহী আদেশের মাধ্যমে খালেদা জিয়াকে সাময়িকভাবে মুক্তি দেয়। এরপর থেকে একাধিকবার জামিনের মেয়াদ বাড়ানো হয়েছে।

(ভোয়া ওয়েব পেজ: ১১.০১.২০২৪ এলিনা)

## নির্বাচন হয়েছে সরকার বনাম সরকারের: তৈমূর আলম

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেওয়া তৃণমূল বিএনপির মহাসচিব অ্যাডভোকেট তৈমূর আলম খন্দকার বলেছেন, "নির্বাচন হয়েছে সরকার বনাম সরকারের। নৌকাও সরকারের, স্বতন্ত্রও সরকারের। মনে হচ্ছে দেশটা একদলীয় শাসনব্যবস্থার দিকে এগিয়ে যাচ্ছে।"তিনি বলেন, আমরা সাজানো নির্বাচনে আর যাব না। আমাদের সকল প্রার্থীরা ঢাকায় আসবে। তাদের সঙ্গে কথা বলে প্রধানমন্ত্রীকে রিপোর্ট দেব। বুধবার (১০ জানুয়ারি) দুপুরে নারায়ণগঞ্জ জেলা পুলিশ সুপারের (এসপি) কার্যালয়ে অভিযোগ প্রদান শেষে এ কথা বলেন তিনি। তৈমূর আলম খন্দকার আরও বলেন, আমাদের প্রজন্মের পক্ষে দেশে সুষ্ঠু রাজনীতি সম্ভব না। আগামী প্রজন্মও পারবে না। তৃতীয় প্রজন্ম হয়ত পারবে। কারণ সরকারে যারা আছে তারা ভাবে ক্ষমতা ছাড়লে আমাকে জেলে যেতে হবে। সেকারণেই তারা নির্বাচন কুক্ষিগত করে। তিনি বলেন, নির্বাচন কমিশনের আসলে কোনো ক্ষমতা নেই। প্রশাসনও সরকারের আজ্ঞাবহ। সিইসির সচিবের বক্তব্য শুনেছেন, তিনি বলেছেন, ডিসিদের কাছে মেসেজ চলে গেছে। সে অনুযায়ী রেজাল্ট হবে। আমরা সবসময় রাজপথে ছিলাম। বাকি জীবনও আমাকে রাজপথেই থাকতে হবে। তৈমূর আলম খন্দকার বলেন, যখন চোখের সামনে দেখলাম ব্যারিস্টার সুমনও বলেছে, সরকার বনাম সরকার নির্বাচন। এটা তাদের মুখেরই কথা। রূপগঞ্জের দুটি সন্ত্রাসী বাহিনী। আমরা বারবার নির্বাচন কমিশন ও প্রশাসনকে বলে এসেছি। আমাদের কাছে ডকুমেন্টস আছে। আমরা বলেছি, এরকম সিরিজ মামলার অভিযুক্তদের আইনের আওতায় আনা হোক। কিন্তু আমরা কোনো প্রতিকার পাইনি। নির্বাচনের দিন চনপাড়ায় রেজাল্ট ঘোষণার পর সমশের বাহিনী ও রিতা বাহিনী আমার

কর্মীদের বাড়িঘর লুটপাট করে। আমি আজ এই পরিবারটিকে নিয়ে এসপি অফিসে এসেছি। যেহেতু তারা আমার নির্বাচন করতে গিয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। এসপি সাহেব আশ্বস্ত করেছেন যে, তারা নির্বিঘ্নে চনপাড়ায় বসবাস করতে পারবে। তিনি ওসিকে ফোনে নির্দেশনাও দিয়েছেন। উল্লেখ্য, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নারায়ণগঞ্জ-১ (রূপগঞ্জ) আসনের প্রার্থী ছিলেন তৈমুর আলম খন্দকার। এই আসনে ১ লাখ ৫৬ হাজার ৪৮৩ ভোট পেয়ে জয়ী হয়েছেন আওয়ামী লীগের প্রার্থী গোলাম দস্তগীর গাজী। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কেটলি প্রতীকের মো. শাহজাহান ভূঁইয়া পেয়েছেন ৪৫ হাজার ৭৫ ভোট। আর তৈমুর আলম খন্দকার মাত্র ৩ হাজার ১৯০ ভোট পেয়ে জামানত হারিয়েছেন। বাংলাদেশের প্রধান বিরোধী রাজনৈতিক দল বিএনপিবিহীন (বাংলাদেশ জাতীয়তাবাদী দল) নির্বাচনে প্রধান বিরোধী দল হবে তৃণমূল বিএনপি। ভোটের আগে নতুন নিবন্ধিত এই দলটির চেয়ারপারসন ও মহাসচিব একাধিকবার এ কথা বলেছিলেন। নির্বাচনে তৃতীয় সর্বোচ্চ প্রার্থীও দিয়েছিল তৃণমূল বিএনপি। তবে ভোটের মাঠে দলটির ১৩৫ প্রার্থীর কেউই ন্যূনতম প্রতিদ্বন্দ্বিতাও গড়তে পারেননি। কোনো আসনে জয় না পাওয়া এই দলটির সব প্রার্থীরই জামানত বাজেয়াপ্ত হয়েছে। বিএনপির নেতা ও সাবেক মন্ত্রী নাজমুল হুদা প্রতিষ্ঠা করেন তৃণমূল বিএনপি। নাজমুল হুদা মারা যাওয়ার পর দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান হন তাঁর মেয়ে অন্তরা হুদা। ২০২৩ সালের ১৯ সেপ্টেম্বর দলের প্রথম সম্মেলনে অন্তরা হুদার পরিবর্তে চেয়ারম্যান হন বিএনপির সাবেক ভাইস চেয়ারম্যান শমসের মুবিন চৌধুরী। তিনি সেনা কর্মকর্তা থেকে প্রথমে কূটনীতিক এবং পরে রাজনীতিক হয়েছিলেন। তৃণমূল বিএনপিতে আসার আগে ছিলেন আরেক রাজনৈতিক দল বিকল্পধারায়। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে তিনি সিলেট-৬ আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করেন। (ভোয়া ওয়েব পেজ: ১১.০১.২০২৪ এলিনা)

## আওয়ামী লীগ, বিএনপি দু'দলই নিজেদের কৌশল সফল মনে করছে

বাংলাদেশে ৭ জানুয়ারীর ভোটকে ঘিরে যে মাত্রার সহিংসতা আশঙ্কা করা হয়েছিল, অবশেষে সেরকম কোন সহিংসতা ছাড়াই দ্বাদশ সংসদ নির্বাচন সম্পন্ন হল। নব-নির্বাচিত সদস্যরা শপথ নিয়েছেন, আর পরাজিত প্রার্থীরা তাদের ব্যর্থতার জন্য অন্যকে দোষারোপে ব্যস্ত। কিন্তু কয়েকটি প্রশ্ন রয়েই যাচ্ছে। বৃহৎ বিরোধীদল বিএনপি ও তার মিত্ররা প্রতিযোগিতা থেকে নিজেদের প্রত্যাহার করে নেয়ায় নির্বাচনে 'প্রাণ'ছিল না বলে অনেকে মনে করেন। এই পরিস্থিতিতে আওয়ামী লীগের ২২২ আসনে জয় কাউকে অবাক করার কথা নয়। ভোটের হার কম হওয়ায় বিএনপি মনে করছে বর্জনের সিদ্ধান্ত সঠিক ছিল। কিন্তু অন্যদিকে, নির্বাচন 'অবাধ এবং সুষ্ঠু'হওয়ায় আওয়ামী লীগ মনে করছে তারা সঠিক পথে এগিয়েছে। বলা যায় নির্বাচনের অনেক আগে থেকেই এই প্রশ্নে বৃহৎ দুটি দল – আওয়ামী লীগ ও বিএনপি – বিপরীত মেরুতে অবস্থান নেয়। টানা ১৫ বছর ধরে ক্ষমতাসীন আওয়ামী লীগ, তাদের অধীনে একটি অবাধ, স্বচ্ছ এবং অংশগ্রহণমূলক নির্বাচন সম্ভব বলে দেশে-বিদেশে সবাইকে আশ্বস্ত করার চেষ্টা করে। বিএনপি সেই আশ্বাস প্রত্যাখ্যান করে একটি নির্দলীয় এবং নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনের দাবিতে আন্দোলন শুরু করে। দাবি আদায়ে ব্যর্থ হয়ে তারা নির্বাচন বর্জনের ঘোষণা দেয় এবং জনগণকে ভোট না দেয়ার আহ্বান জানায়। ৭ জানুয়ারি নির্বাচনের পর বিপরীত মেরুতে অবস্থানরত দুই দল একই ফলাফলকে ভিন্নভাবে মূল্যায়ন করলো। দু'পক্ষই ৭ জানুয়ারির ঘটনা প্রবাহকে নিজেদের বিজয় বলে ঘোষণা দেয়। "সাত জানুয়ারির নির্বাচন প্রত্যাখ্যান করে জনগণ বিএনপির আন্দোলনে সমর্থন জানিয়েছে"- বলেন বিএনপির সিনিয়র নেতা আব্দুল মঈন খান। "গত এক বছর ধরে আমরা বলে আসছি, বাংলাদেশের মানুষ এই সরকারকে বর্জন করেছে। সেই কথাটি আজকে ভোট বর্জনের মধ্যে জনগণ দেশে-বিদেশে সবার সামনে প্রমাণ করেছে"- তিনি বলেন। তাঁর বক্তব্যের মূল বিষয় ছিল ভোট কেন্দ্রে তুলনামূলক কম ভোটার উপস্থিতি। ভোট শেষ হবার পর প্রধান নির্বাচন কমিশনার সাংবাদিকদের জানান ২৮ শতাংশ ভোট পড়েছে। তাৎক্ষণিকভাবে কমিশনের একজন উর্ধ্বতন কর্মকর্তা কমিশন প্রধানকে শুধরে দিয়ে বললেন, ভোট হয়েছে ৪০ শতাংশের মত। এই বিভ্রান্তি নিয়ে সামাজিক মাধ্যমে বেশ হইচই পড়ে যায়। রাত ৯টায় তোলা নির্বাচন কমিশনের ইলেকট্রনিক ড্যাশ বোর্ডের একটি ছবি সামাজিক মাধ্যম এক্স (প্রাক্তন টুইটার)-এ শেয়ার হতে থাকে, যেখানে দেশের আট বিভাগে ভোটের হার তুলে ধরা হয়েছিল। (ভোয়া ওয়েব পেজ: ১১.০১.২০২৪ এলিনা)

## আফগানিস্তানের সঙ্গে টি-২০ সিরিজের প্রথম ম্যাচে নেই বিরাট কোহলি

ভারতে মোহালিতে আফগানিস্তানের বিরুদ্ধে টি ২০ সিরিজের প্রথম ম্যাচে খেলবেন না বিরাট কোহলি। দক্ষিণ আফ্রিকা সিরিজ শেষে ঘরের মাঠে এবার রোহিত শর্মার দল খেলতে নামবে আফগানদের বিপক্ষে। এই সিরিজের প্রথম ম্যাচ বৃহস্পতিবার ১১ জানুয়ারি। প্রথম ম্যাচে কোহলিকে পাওয়া যাবে না, এই খবর বুধবার ১০ জানুয়ারি সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন কোচ রাহুল দ্রাবিড়। তিনি জানিয়েছেন, "বিরাটকে আমরা প্রথম ম্যাচে পাব না। তবে ইন্দোরে পরের ম্যাচে ও খেলবে।" কেন কী কারণে কোহলি খেলছেন না সেই প্রসঙ্গে দ্রাবিড় বলেছেন, "বিরাটের ব্যক্তিগত কিছু সমস্যা রয়েছে। তাই ও খেলতে পারবে না, আমাদের জানিয়েছে।" বিরাট কোহলি এই মুহূর্তে আলিবাগে রয়েছেন তার বিলাসবহুল বাংলোতে। এই বাড়িতে শীঘ্রই গৃহপ্রবেশ হবে, সেই কারণে অনুষ্ঠানের প্রস্তুতির জন্য তিনি ছুটি নিতে পারেন। প্রায় দেড় বছর পরে এই সিরিজে কোহলিকে টি ২০ ভারতীয় দলে নেওয়া হয়েছে। জুন মাসে টি ২০ বিশ্বকাপ রয়েছে। সেই কারণেই কোহলিকে রেখে দলের শক্তি বাড়ানোর চেষ্টায় রয়েছেন নির্বাচকরা। আফগানিস্তানের সঙ্গে টি

২০ দলে রাখা হয়নি ঈশান কিষান ও শ্রেয়স আইয়ারকে। তাদের বাদ দেওয়া হয়েছে শৃঙ্খলাজনিত কারণে। দলের অধিনায়কত্ব করবেন রোহিত শর্মা ।(ভোয়া ওয়েব পেজ: ১১.০১.২০২৪ এলিনা)

## শেখ হাসিনা একটানা চতুর্থবারের মতো সংসদ নেতা নির্বাচিত হয়েছেন

বাংলাদেশ আওয়ামী লীগের সংসদীয় দলের সভায় সর্বসম্মতিক্রমে দলটির সভাপতি শেখ হাসিনাকে বাংলাদেশ জাতীয় সংসদের সংসদ নেতা হিসেবে নির্বাচিত করা হয়েছে বাংলাদেশ আওয়ামী লীগের সংসদীয় দলের সভায় সর্বসম্মতিক্রমে দলটির সভাপতি শেখ হাসিনাকে বাংলাদেশ জাতীয় সংসদের সংসদ নেতা হিসেবে নির্বাচিত করা হয়েছে। বাংলাদেশ আওয়ামী লীগের সংসদীয় দলের সভায় সর্বসম্মতিক্রমে দলটির সভাপতি শেখ হাসিনাকে বাংলাদেশ জাতীয় সংসদের সংসদ নেতা হিসেবে নির্বাচিত করা হয়েছে। এর মাধ্যমে একটানা চতুর্থবারের মতো তিনি সংসদ নেতা নির্বাচিত হলেন। বুধবার (১০ জানুয়ারি) আওয়ামী লীগের সংসদ সদস্যদের শপথ শেষে দলটির সংসদীয় দলের সভায় শেখ হাসিনাকে সংসদ নেতা নির্বাচিত করা হয়। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের তাঁর নাম প্রস্তাব করেন এবং নূর-ই-আলম চৌধুরী লিটন ওই প্রস্তাবের সমর্থন জানান। পরে সর্বসম্মতিকরণে তা গ্রহণ করা হয়। সংসদ নেতা নির্বাচনের পাশাপাশি বৈঠকে সংসদ উপনেতাও নির্বাচিত করা হয়। একাদশ জাতীয় সংসদের উপনেতা বেগম মতিয়া চৌধুরীকে দ্বাদশ জাতীয় সংসদের উপনেতা নির্বাচিত করা হয়। সভায় বর্তমান স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে আবারও স্পিকার হিসেবে নির্বাচনের সিদ্ধান্ত হয়। ডেপুটি স্পিকার শামসুল হক টুকুকে আবারও নির্বাচিত করার সিদ্ধান্ত হয়। এ ছাড়া, নূর-ই-আলম চৌধুরী লিটনকে দ্বাদশ জাতীয় সংসদে চিফ হুইপ হিসেবে নির্বাচনের সিদ্ধান্ত হয়েছে। লিটন চৌধুরী আওয়ামী লীগের সংসদীয় দলের সেক্রেটারি হিসেবে নির্বাচিত হয়েছেন।
(ভোয়া ওয়েব পেজ: ১০.০১.২০২৪ এলিনা)

## বিএনপির মহাসচিব মির্জা ফখরুলের ৯ মামলায় জামিন, বিচারাধীন আরও ২ মামলা

রাজধানী ঢাকার রমনা ও পল্টন থানার ৯টি মামলায় জামিন পেয়েছেন বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বুধবার (১০ জানুয়ারি) ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সুলতান সোহাগ উদ্দিন তাঁর জামিন মঞ্জুর করেন। এর আগে পল্টন ও রমনা থানায় দায়ের করা পৃথক ৯টি মামলায় মির্জা ফখরুলকে গ্রেপ্তার দেখানো হয়। মির্জা ফখরুলের আইনজীবী জয়নুল আবেদীন এ তথ্য নিশ্চিত করেছেন। জয়নুল আবেদীন বলেন, মির্জা ফখরুল আরও দুটি মামলায় এখনো জামিন না পাওয়ায় তিনি কারাগার থেকে এখনই মুক্তি পাচ্ছেন না। তিনি বলেন, ২০২৩ সালের ২৮ অক্টোবর বিএনপির মহাসমাবেশের ঘটনায় মির্জা ফখরুলের বিরুদ্ধে ১১টি মামলা হয়। এর মধ্যে পল্টন থানায় আটটি এবং রমনা থানায় তিনটি মামলা রয়েছে। ২৮ অক্টোবর বিএনপির সমাবেশ চলাকালে প্রধান বিচারপতির বাসভবনে ভাঙচুর ও হামলার অভিযোগে গত ২৯ অক্টোবর রমনা থানায় একটি মামলা করে পুলিশ।মামলায় মির্জা ফখরুল ছাড়াও বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসসহ ৫৯ নেতা-কর্মীকে অভিযুক্ত করা হয়।এ মামলায় গত ২৯ অক্টোবর ফখরুলকে গ্রেপ্তার করা হয় এবং তখন থেকে তিনি কারাগারে রয়েছেন। (ভোয়া ওয়েব পেজ: ১০.০১.২০২৪ এলিনা)

## বাংলাদেশে নতুন মন্ত্রীসভায় মন্ত্রী হচ্ছেন যারা

মন্ত্রিপরিষদ সচিব নতুন মন্ত্রিপরিষদের ২৫ জন মন্ত্রী ও ১১ জন প্রতিমন্ত্রীর নাম ঘোষণা করেছেন বুধবার (১০ জানুয়ারি)। এর মধ্যে ২ জন টেকনোক্র্যাট মন্ত্রী রয়েছেন। ওদিকে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী পদে নিয়োগ দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। এ বিষয়ে বুধবার (১০ জানুয়ারি) প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। প্রধানমন্ত্রীর সঙ্গে নতুন মন্ত্রিসভার সদস্যরাও বৃহস্পতিবার শপথ নেবেন।

২৫ জন মন্ত্রী হলেন

১. আ ক ম মোজাম্মেল হক(গাজীপুর-১)
২. ওবায়দুল কাদের (নোয়াখালী-৫)
৩. নুরুল মজিদ মাহমুদ হুমায়ূন (নরসিংদী-৪)
৪. আসাদুজ্জামান খান (ঢাকা-১২)
৫. ডা. দীপু মনি (চাঁদপুর-৩)
৬. মো. তাজুল ইসলাম (কুমিল্লা-৯)
৭. মুহাম্মদ ফারুক খান (গোপালগঞ্জ-১)
৮. আবুল হাসান মাহমুদ আলী (দিনাজপুর-৪)
৯. আনিসুল হক (বাক্ষ্মণবাড়িয়া-৪)
১০. মোহাম্মদ হাছান মাহমুদ (চট্টগ্রাম-৭)
১১. মো. আব্দুস শহীদ (মৌলভীবাজার-৪)
১২. সাধন চন্দ্র মজুমদার (নওগাঁ-১)

১৩. র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী (ব্রাহ্মণবাড়িয়া-৩)
১৪. মো. আব্দুর রহমান (ফরিদপুর-১)
১৫. নারায়ন চন্দ্র চন্দ (খুলনা-৫)
১৬. আব্দুস সালাম (ময়মনসিংহ-৯)
১৭. মহিবুল হাসান চৌধুরী (চট্টগ্রাম-৯)
১৮. ফরহাদ হোসেন (মেহেরপুর-১)
১৯. ফরিদুল হক খান (জামালপুর-২)
২০. মো. জিল্লুল হাকিম (রাজবাড়ী-২)
২১. সাবের হোসেন চৌধুরী (ঢাকা-৯)
২২. জাহাঙ্গীর কবির নানক (ঢাকা-১৩)
২৩. নাজমুল হাসান (কিশোরগঞ্জ-৬)
২৪. স্থপতি ইয়াফেস ওসমান (টেকনোক্র্যাট)
২৫. ডা. সামন্ত লাল সেন (টেকনোক্র্যাট)
প্রতিমন্ত্রী হচ্ছেন ১১ জন
১. বেগম সিমিন হোমেন (রিমি) (গাজীপুর-৪)
২. নসরুল হামিদ (ঢাকা-৩)
৩. জুনাইদ আহমেদ পলক (নাটোর-৩)
৪. মোহাম্মদ আলী আরাফাত (ঢাকা-১৭)
৫. মো. মহিববুর রহমান (পটুয়াখালী-৪)
৬. খালিদ মাহমুদ চৌধুরী (দিনাজপুর-২)
৭. জাহিদ ফারুক (বরিশাল-৫)
৮. কুজেন্দ্র লাল ত্রিপুরা (খাগড়াছড়ি)
১৯. বেগম রুমানা আলী (গাজীপুর-৩)
১০. শফিকুর রহমান চৌধুরী (সিলেট-২)
১১. আহসানুল ইসলাম (টিটু) (টাঙ্গাইল-৬)
(ভোয়া ওয়েব পেজ: ১০.০১.২০২৪ এলিনা)

## শেখ হাসিনা টানা চতুর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন, শপথ বৃহস্পতিবার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী পদে নিয়োগ দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। এ বিষয়ে বুধবার (১০ জানুয়ারি) প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। প্রধানমন্ত্রীর সঙ্গে নতুন মন্ত্রিসভার সদস্যরাও বৃহস্পতিবার শপথ নেবেন। আওয়ামী লীগের সংখ্যাগরিষ্ঠ সংসদ সদস্যদের আস্থা অর্জন করায় তাঁকে সরকার গঠনের আমন্ত্রণ জানিয়েছেন বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। এর মাধ্যমে টানা চতুর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিতে যাচ্ছেন শেখ হাসিনা। এর আগে বুধবার বিকেলে শেখ হাসিনা বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঙ্গে দেখা করেন। রাষ্ট্রপতির প্রেসসচিব জয়নাল আবেদীন জানান, শেখ হাসিনা বঙ্গভবনে পৌঁছালে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ফুলের তোড়া দিয়েও শেখ হাসিনাকে স্বাগত জানান। প্রেসসচিব সংবাদ ব্রিফিংয়ে জানান, সাক্ষাৎকালে রাষ্ট্রপতি সাহাবুদ্দিন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ের জন্য শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানান। তিনি বলেন, দেশের গণতন্ত্র ও উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এই বিজয় জনমতের প্রতিফলন। রাষ্ট্রপ্রধান বলেন, এই নির্বাচনের মাধ্যমে জনগণ স্বাধীনতা, মুক্তিযুদ্ধের চেতনা, উন্নয়ন ও অগ্রগতির পক্ষে রায় দিয়েছে। রাষ্ট্রপতি সাহাবুদ্দিন আশা প্রকাশ করেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ একটি স্মার্ট বাংলাদেশ এবং বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত হবে। পাশাপাশি শেখ হাসিনার সাফল্যও কামনা করেন। (ভোয়া ওয়েব পেজ: ১০.০১.২০২৪ এলিনা)

## বাংলাদেশের অগ্রযাত্রায় এখন কেউ বাধা দিতে পারবে না

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ের পর আওয়ামী লীগ আবারও ক্ষমতায় আসায় এখন থেকে কেউ দেশের অগ্রযাত্রায় বাধা সৃষ্টি করতে পারবে না বলে জানিয়েছেন দলটির সভাপতি শেখ হাসিনা। বুধবার (১০ জানুয়ারি) রাজধানী ঢাকার ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে এক সমাবেশে তিনি এ কথা বলেন। শেখ হাসিনা বলেন, "যেহেতু আওয়ামী লীগ আবার ক্ষমতায় এসেছে, তাই বাংলাদেশের বর্তমান অগ্রগতিকে আর কেউ ব্যাহত করতে পারবে না।" ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে বাংলাদেশ আওয়ামী লীগ এই সমাবেশের আয়োজন করে। শেখ হাসিনা বলেন, অনেকে এই নির্বাচন বন্ধ করতে চেয়েছিল, কিন্তু ব্যর্থ হয়েছে। আওয়ামী লীগ ও তার সমমনা দলগুলো যখন নির্বাচনে যোগ দেয় তখন একটি বিশেষ দল নির্বাচন প্রতিহত করার চেষ্টা করছিল উল্লেখ করে তিনি বলেন, "ভোটারদের ভোট দিতে বাধা দেওয়ার

চেষ্টা করার পরও এই নির্বাচনে ভোটার উপস্থিতি ৪১ দশমিক ৮ শতাংশ।" তিনি বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হওয়ায় তা নিয়ে কেউ প্রশ্ন তুলতে পারছে না। তিনি বলেন, "কেউ বলতে পারবে না যে, এই নির্বাচনে দিনের ভোট রাতে হয়েছে। নির্বাচন অত্যন্ত স্বচ্ছ, অবাধ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হওয়ায় ভোট কারচুপি হয়েছে এমন কিছু বলার ক্ষমতা কারও নেই।" শেখ হাসিনা বলেন, তাঁর সরকার কখনই নির্বাচন কমিশনে হস্তক্ষেপ করেনি, বরং সহায়তা করেছে। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে ইসিকে আন্তরিকভাবে সহযোগিতা করার জন্য সশস্ত্র বাহিনীসহ প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আন্তরিক ধন্যবাদ জানান তিনি। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ার ভিশন পুনর্ব্যক্ত করে শেখ হাসিনা বলেন, বাংলাদেশের মানুষের ভাগ্য নিয়ে এখন আর কেউ ছিনিমিনি খেলতে পারবে না। তিনি বলেন, বাংলাদেশের জনগণের শক্তি একটি বড় শক্তি, যা আবারও প্রমাণিত হয়েছে। সমালোচকদের কঠোর সমালোচনা করে শেখ হাসিনা বলেন, সামরিক স্বৈরশাসকরা যখন ভোট কারচুপি করে ক্ষমতায় এসেছিল তখন তারা নীরব ছিল। "কিন্তু এখন যখন আমরা গণতন্ত্র প্রতিষ্ঠা করেছি এবং জনগণের ভোটাধিকার প্রতিষ্ঠা করেছি, তখন তারা আমাদের গণতন্ত্র ও নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করছে।" তিনি বলেন, দেশে দীর্ঘদিন ধরে গণতান্ত্রিক ধারা অব্যাহত থাকায় আর্থ-সামাজিক অবস্থার উন্নতি হয়েছে, দারিদ্র্যের হার কমেছে এবং মাথাপিছু আয় বেড়েছে। আওয়ামী লীগ সভাপতি স্বতঃস্ফূর্তভাবে তাঁর দলকে ভোট দেওয়ায় বাংলাদেশের জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) দিকে ইঙ্গিত করে তিনি বলেন, তারা ভোটারদের ভোটকেন্দ্রে যেতে বাধা দেওয়ার চেষ্টা করেছিল, কিন্তু সরকার তাদের প্রচারণায় বাধা দেয়নি। তিনি বলেন, "কিন্তু বাংলাদেশের জনগণ এই নির্বাচনে অংশগ্রহণ করেছে, আওয়ামী লীগকে ভোট দিয়েছে এবং শত প্রতিবন্ধকতা ও ভয়-ভীতি উপেক্ষা করে এই নির্বাচন গ্রহণ করেছে ... গ্রামাঞ্চলেও জনগণ স্বতঃস্ফূর্তভাবে ভোট দিয়েছে।" বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস প্রসঙ্গে শেখ হাসিনা বলেন, ১৯৭২ সালের ১০ জানুয়ারি তৎকালীন রেসকোর্স ময়দানে (সোহরাওয়ার্দী উদ্যান) বঙ্গবন্ধুর দেওয়া ভাষণ একটি ঐতিহাসিক দলিল। তিনি বলেন, "জাতির পিতা তার ভাষণে ভবিষ্যতে স্বাধীন বাংলাদেশ কীভাবে চলবে সে বিষয়ে সব দিক নির্দেশনা দিয়েছিলেন।" সমাবেশে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের, প্রেসিডিয়াম সদস্য মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, কামরুল ইসলাম প্রমুখ বক্তব্য দেন। ৭ জানুয়ারির সাধারণ নির্বাচনে আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয়ের মধ্য দিয়ে পঞ্চমবারের মতো প্রধানমন্ত্রী হতে যাওয়ায় আওয়ামী লীগের পক্ষ থেকে শেখ হাসিনাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান ওবায়দুল কাদের। (ভোয়া ওয়েব পেজ: ১০.০১.২০২৪ এলিনা)

## জনগণের কল্যাণই আপনাদের সর্বোচ্চ দায়িত্ব: প্রধানমন্ত্রী শেখ হাসিনা

এর আগে আওয়ামী লীগের সংসদ সদস্যদের শপথ শেষে অনুষ্ঠিত দলটির সংসদীয় দলের প্রথম সভায় শেখ হাসিনা তাঁর দলের নবনির্বাচিত সংসদ সদস্যদের উদ্দেশে বলেছেন, তাদের সর্বোচ্চ অগ্রাধিকার হওয়া উচিত জনগণের কল্যাণ করা। তিনি বলেন, "তাই প্রত্যেক সংসদ সদস্যকে নিজ নিজ নির্বাচনী এলাকায় জনগণের জন্য কাজ করতে হবে। আপনাদের (সংসদ সদস্যদের) নিশ্চিত করতে হবে যে, তাদের এলাকায় সুষম উন্নয়ন করা হবে।" জাতীয় সংসদ ভবনে আওয়ামী লীগের সংসদীয় দলের (এএলপিপি) প্রথম সভায় দ্বাদশ জাতীয় সংসদে নির্বাচিত সদস্যদের তিনি এ কথা বলেন। তিনি আওয়ামী লীগের সংসদীয় দলীয় নেতা নির্বাচিত হওয়ার পরপরই বক্তব্য দেন। দুপুর ১২টার দিকে এ বৈঠক শুরু হয়ে প্রায় এক ঘণ্টাব্যাপী চলে। আওয়ামী লীগের সংসদীয় দলের বৈঠক শেষে সংসদ সদস্য তানভীর শাকিল জয় সাংবাদিকদের বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর ভাষণে বলেছেন, ৭ জানুয়ারির নির্বাচনে গণতন্ত্র ও জনগণ বিজয়ী হয়েছে। তবে সংসদে বিরোধী দল কে হবে, সে বিষয়ে তিনি কিছু বলেননি বলে সাংবাদিকদের জানান তিনি। তানভীর শাকিল জয় সাংবাদিকদের বলেন, বৈঠকে আওয়ামী লীগের সংসদ সদস্য শিরীন শারমিন চৌধুরীকে সংসদের স্পিকার, মতিয়া চৌধুরীকে সংসদ উপনেতা এবং নূর-ই-আলম চৌধুরী লিটনকে সংসদের চিফ হুইপ মনোনীত করা হয়েছে। (ভোয়া ওয়েব পেজ: ১০.০১.২০২৪ এলিনা)

## স্বদেশ প্রত্যাবর্তন দিবসে বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার (১০ জানুয়ারি) তিনি ধানমন্ডিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন।পুষ্পস্তবক অর্পণের পর শেখ হাসিনা স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। এ সময় শেখ হাসিনার সঙ্গে ছিলেন তাঁর ছোট বোন শেখ রেহানা। তাঁরা ফাতেহা পাঠ ও মোনাজাত করেন। পরে শেখ হাসিনা আওয়ামী লীগের জ্যেষ্ঠ নেতাদের সঙ্গে নিয়ে দলের পক্ষ থেকে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে স্মারক ডাকটিকিট, উদ্‌বোধনী খাম ও ডেটা কার্ড অবমুক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার (১০ জানুয়ারি) প্রধানমন্ত্রী তাঁর সরকারি বাসভবন গণভবনে ১০ টাকা মূল্যের ডাকটিকিট ও উদ্‌বোধনী খাম এবং ৫ টাকা মূল্যের ডেটা কার্ড প্রকাশ করেন। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব কে এম শাখাওয়াত মুন বলেন, এ উপলক্ষে একটি বিশেষ সিলমোহরও ব্যবহার করা হয়। ডাকটিকিট, উদ্‌বোধনী খাম ও ডেটা কার্ড বুধবার থেকে ঢাকা জিপিও'র ফিলাটেলিক ব্যুরো থেকে বিক্রি করা হবে। পরবর্তীতে দেশের অন্য জিপিও এবং

প্রধান ডাকঘরেও এগুলো পাওয়া যাবে। উদ্‌বোধনী খামের জন্য ৪টি জিপিওতে বিশেষ সিলমোহরের ব্যবস্থাও রয়েছে। উল্লেখ্য, বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানের কারাগারে ২৯০ দিন বন্দি থাকার পর ১৯৭২ সালের ১০ জানুয়ারি লন্ডন ও নয়াদিল্লি হয়ে স্বাধীন বাংলাদেশে ফিরে আসেন। এরপর থেকে দিনটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস হিসেবে পালিত হয়ে আসছে। (ভোয়া ওয়েব পেজ: ১০.০১.২০২৪ এলিনা)

## শপথ নিয়েছেন নবনির্বাচিত সংসদ সদস্যরা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচিত সংসদ সদস্যরা বুধবার (১০ জানুয়ারি) শপথ নিয়েছেন। নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ বাক্য পাঠ করান একাদশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে রংপুর-৬ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন শিরীন শারমিন চৌধুরী। প্রথমে তিনি সংসদ সদস্য হিসেবে শপথ নেন। এরপর সকাল ১০টার দিকে সংসদ ভবনের শপথ কক্ষে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ দলটি থেকে নির্বাচিত সংসদ সদস্যদের শপথবাক্য পাঠ করান শিরীন শারমিন চৌধুরী। আওয়ামী লীগের সংসদ সদস্যরা শপথ নেওয়ার পর প্রধান বিরোধী দল জাতীয় পার্টি থেকে নির্বাচিত ও স্বতন্ত্র সংসদ সদস্যসহ অন্য দল থেকে নির্বাচিত সংসদ সদস্যদেরও পর্যায়ক্রমে শপথবাক্য পাঠ করান শিরীন শারমিন চৌধুরী। বেলা ১১টার দিকে স্বতন্ত্র সংসদ সদস্যরা এবং দুপুর ১২টার দিকে জাতীয় পার্টি ও অন্য দল থেকে নির্বাচিত সংসদ সদস্যরা শপথ নেন। শপথ নেওয়ার পর তারা শপথপত্রে সই করেন। সংবিধানের ১৪৮ (২ক) অনুচ্ছেদ অনুসারে, সরকারি গেজেটে নির্বাচনের ফল প্রকাশের ৩ দিনের মধ্যে নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ নিতে হবে। অন্যথায় তাদের সদস্যপদ বাতিল হয়ে যাবে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ফলাফলের ভিত্তিতে ২৯৮ জন নবনির্বাচিত সংসদ সদস্যের বিবরণসহ প্রজ্ঞাপন জারি করা হয়। উল্লেখ্য, ৭ জানুয়ারির জাতীয় নির্বাচনে আওয়ামী লীগ নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ ২২২টি আসনে এবং স্বতন্ত্র প্রার্থীরা ৬২টি আসনে জয়লাভ করেন। বিরোধী দল জাতীয় পার্টি (জাপা) পেয়েছে মাত্র ১১টি আসন। ওয়ার্কার্স পার্টি, জাসদ ও বাংলাদেশ কল্যাণ পার্টি পেয়েছে একটি করে আসন। নওগাঁ-২ আসনে স্বতন্ত্র প্রার্থীর মৃত্যুতে সেখানকার নির্বাচন স্থগিত করা হয়েছে। আসনটিতে নির্বাচনের তারিখ ১২ ফেব্রুয়ারি নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া, সংঘর্ষের কারণে ময়মনসিংহ-৩ আসনের ফলাফল স্থগিত রেখেছে নির্বাচন কমিশন (ইসি)। (ভোয়া ওয়েব পেজ: ১০.০১.২০২৪ এলিনা)

## প্রধান বিচারপতির বাসভবন ভাঙচুরের মামলায় মির্জা ফখরুলের জামিন আবেদন খারিজ

বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ২০২৩ সালের ২৮ অক্টোবরের মহাসমাবেশ চলাকালে প্রধান বিচারপতির বাসভবন ভাঙচুরের ঘটনায় দায়ের করা মামলায় দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের জামিন আবেদন খারিজ করে দিয়েছেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ। বুধবার (১০ জানুয়ারি) বিচারপতি মো. সেলিম ও বিচারপতি শাহেদ নূরউদ্দিনের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন। মির্জা ফখরুলের আইনজীবী জয়নুল আবেদীন বলেন, আলোচনা সাপেক্ষে আপিলের সিদ্ধান্ত নেওয়া হবে। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল বি এম আব্দুর রাফেল। এর আগে ২০২৩ সালের ৭ ডিসেম্বর ফখরুলকে কেন জামিন দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেন হাইকোর্ট। সরকারকে এক সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়। ১৭ ডিসেম্বর হাইকোর্ট রুলের ওপর শুনানির জন্য ৩ জানুয়ারি দিন ধার্য করেন। ২৮ অক্টোবর ঢাকার নয়াপল্টনে বিএনপির সমাবেশ চলাকালে প্রধান বিচারপতির বাসভবনে ভাঙচুর ও হামলার অভিযোগে রমনা থানায় একটি মামলা করে পুলিশ। এ মামলায় ২৯ অক্টোবর মির্জা ফখরুলকে গুলশানের নিজ বাসা থেকে গ্রেপ্তার করা হয় এবং তখন থেকে তিনি কারাগারে রয়েছেন।(ভোয়া ওয়েব পেজ: ১০.০১.২০২৪ এলিনা)

## জাতীয় পার্টি সংসদে বিরোধী দলে থাকতে চায়

জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান ও রংপুর-৩ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য জি এম (গোলাম মোহাম্মদ) কাদের বলেছেন, তিনি বিরোধী দলে আছেন এবং থাকতে চান। তিনি বলেন, “সংসদে আসার অনুভূতি সবসময়ই ভালো। সেই অর্থে আবার সংসদে আসতে পারাটা আনন্দের বিষয়।” বুধবার (১০ জানুয়ারি) সংসদ সদস্য হিসেবে শপথ নেওয়ার পরপরই জি এম কাদের দ্বাদশ জাতীয় সংসদের বিরোধী দল নিয়ে এ কথা বলেন। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, “আমি জানি না নিয়মটা। কিন্তু আমরা বিরোধী দলে ছিলাম এবং বিরোধী দলে থাকতে চাই। আমরা জনকল্যাণমুখী এবং আমরা জনগণের জন্য যা ভালো তাই করতে চাই।” নেতৃত্বের ব্যর্থতার অভিযোগে দলীয় কার্যালয়ে বিক্ষোভের কথা উল্লেখ করে তিনি বলেন, এগুলো পূর্বপরিকল্পিত বিষয়। তিনি বলেন, “কিছু লোক আমাদের দলের ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা করছে। যা করা হয়েছে তা সবার সঙ্গে আলোচনা করেই করা হয়েছে।” দলের কম আসন পাওয়ার বিষয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, সব সময় পরিস্থিতি একই থাকে না। তিনি বলেন, ‘এই নির্বাচন সঠিক নির্বাচন ছিল না। কিছু কিছু ক্ষেত্রে এটা ভালো ছিল। কিন্তু বেশির ভাগ ক্ষেত্রেই আমাদের কর্মীদের নানাভাবে হয়রানি করা হয়েছে এবং ভোটকেন্দ্র দখল করা হয়েছে।” জি এম কাদের আরও বলেন, এই নির্বাচন আসলে তাঁদের দলের জনপ্রিয়তা বা জনগণের কাছে দলের ভিত্তির প্রতিফলন ঘটায়নি। উল্লেখ্য, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে জাতীয় পার্টি পেয়েছে মাত্র ১১টি আসন। (ভোয়া ওয়েব পেজ: ১০.০১.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## আবারও সংসদ নেতা শেখ হাসিনা, স্পিকার শিরীন শারমিন

আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা টানা চতুর্থবারের মতো সংসদ নেতা নির্বাচিত হয়েছেন। আজ আওয়ামী লীগের এমপিদের শপথ শেষে অনুষ্ঠিত দলের সংসদীয় দলের সবাই শেখ হাসিনাকে দলের সংসদ নেতা নির্বাচিত করেন। এই সম্পর্কে ঢাকা থেকে আরো জানাচ্ছেন আমাদের বিশেষ সংবাদদাতা:

আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা টানা চতুর্থবারের মতো সংসদ নেতা নির্বাচিত হয়েছেন। বুধবার আওয়ামী লীগের এমপিদের শপথ শেষে অনুষ্ঠিত দলের সংসদীয় দলের সভায় শেখ হাসিনাকে সংসদ নেতা নির্বাচিত করা হয়। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের তার নাম প্রস্তাব করেন। নূর-ই-আলম চৌধুরী লিটন প্রস্তাবে সমর্থন জানান। পরে সর্বসম্মতিক্রমে তা গ্রহণ করা হয়। সংসদ নেতা নির্বাচনের পাশাপাশি বৈঠকে সংসদ উপনেতাও নির্বাচিত করা হয়। একাদশ জাতীয় সংসদের উপনেতা বেগম মতিয়া চৌধুরীকে দ্বাদশ জাতীয় সংসদের উপনেতা করা হয়েছে। এদিকে সংসদীয় দলের সভায় বর্তমান স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে আবারও স্পিকার হিসেবে নির্বাচনের সিদ্ধান্ত হয়েছে। ডেপুটি স্পিকার শামসুল হক টুকুকেও বহাল রাখা হয়েছে বহাল। চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী লিটনকেও বহাল রাখা হয়েছে তার স্বপদে। তিনি আওয়ামী লীগের সংসদীয় দলের সেক্রেটারি হিসেবেও দায়িত্ব পালন করবেন। (রেডিও তেহরান:২০৩০ ঘ. ১০.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## চারদিক থেকে বিপদ ধেয়ে আসছে: রুহুল কবির রিজভী

সরকারের চারদিক থেকে বিপদ ধেয়ে আসছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেছেন, চুরি-চামারির নির্বাচন করে এত আহ্লাদিত হবার কিছু নেই। চারদিকে চেয়ে দেখুন বিপদে ধেয়ে আসছে। সকল বিরোধী দলের নেতাকে বন্দী রেখে, নিজেরা নিজেরা নির্বাচন করেছেন। নির্বাচনে আওয়ামী লীগের যারা হেরেছে তারাই এখন বলছে যে,প্রশাসনকে দিয়ে তাদের পরাজিত করা হয়েছে অর্থাৎ আগে থেকেই ডিসিদের বলে দিয়েছে যে সরকার এগুলো চায়। এ ধরনের বক্তব্য এখন আওয়ামী লীগের নেতা ও সরকারি আমলারাও বলছেন। এ সংক্রান্ত অডিও-ভিডিও ভাইরাল হয়েছে। আজ বিকেলে এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন,গত ৭ জানুয়ারি ভোটার বিহীন নির্বাচনে গোটা বিশ্ব কিন্তু হাততালি দেয়নি, মুচকি হেসেছে। এতে আহ্লাদিত হওয়ার কিছু নেই। চারদিকে চেয়ে দেখুন বিপদে ধেয়ে আসছে। তাদের সোনার তরী দুর্নীতিতে ভরা। দুর্নীতি হলো এই সরকারের ভূষণ। তারাই নাকি এবার দুর্নীতির বিরুদ্ধে খেলবেন।
(রেডিও তেহরান:২০৩০ ঘ. ১০.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## জোটের ভোটে ছলচাতুরি আর রহস্যজনক কারচুপির অভিযোগ

বাংলাদেশে অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ১৪ দলের শরিকরা ৬ আসনের মধ্যে চারটিতে হেরেছেন। জোটের ভোটে ছলচাতুরি আর রহস্যজনক কারচুপির অভিযোগ করেছেন তারা। এ সম্পর্কে এখন জানানো হচ্ছে ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি পাঠানো প্রতিবেদন:

বাংলাদেশে অনুষ্ঠিত হয়ে যাওয়া দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটের মাঠে জোটের আলোচনা ছিল বেশ জোরেশোরে। তবে আওয়ামী লীগের সঙ্গে ভাগাভাগিতে পাওয়া ছ'টি আসনের মধ্যে চারটিতে হেরে গেছেন ১৪ দলীয় জোটের শরিকরা। জাতীয় সমাজতান্ত্রিক দলের সভাপতি হাসানুল হক ইনু, ওয়ারকার্স পার্টি সাধারণ সম্পাদক ফজলে হোসেন বাদশা ও জেপির চেয়ারম্যান আনোয়ার হোসেন মঞ্জু হেরেছেন স্বতন্ত্র প্রার্থীর কাছে। আওয়ামী লীগের ছাড় দেয়া ছয়টি আসনের মধ্যে ১৪ দলের শরিকরা জয় পেয়েছেন মাত্র দু'টিতে। জয়ী হয়েছেন বরিশাল ২ আসনে ওয়ার্কার্স পার্টি সভাপতি রাশেদ খান মেনন ও বগুড়া ৪ আসনে রেজাউল করিম তানসেন। ছেড়ে দেওয়া বরিশাল-২ আসনে সভাপতি রাশেদ খান বিজয়ী হলেও রাজশাহী ২ আসনে হেরেছেন সাধারণ সম্পাদক ফজলে হোসেন বাদশা। জাসদকে ছেড়ে দেওয়া আসনগুলোর মধ্যে কুষ্টিয়া ২ এ দলটির সভাপতি হাসানুল হক ইনু, লক্ষীপুর ৪ আসনে মোশারফ হোসেন হেরেছেন। বগুড়া ৪ আসনে বিজয়ী হয়েছেন রেজাউল করিম তানসেন।জেপি মঞ্জুকে ছেড়ে দেওয়া হয় পিরোজপুর দুই আসনটি। তিনিও ধরাশায়ী হয়েছেন স্বতন্ত্র প্রার্থীর কাছে। আসনগুলোতে ছয়জনে নির্বাচন করেন নৌকা প্রতীকে। তবে জোটের ভোটে এমন পরিস্থিতির জন্য ক্ষোভ জানিয়েছেন বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক ফজলে হোসেন বাদশা। তিনি নির্বাচনের ব্যবস্থাপনার ত্রুটিকে দায়ী করে হতাশা ব্যক্ত করেছেন(স্বকণ্ঠে): আশাহত হয়েছি এবং এখানে নির্বাচন ব্যবস্থাপনা নিয়ে হতাশ হয়েছি। ভোটকেন্দ্রে নিয়ে যাওয়ার ক্ষেত্রে যে ধরনের তৎপরতা থাকা দরকার ছিল সেখানেও ঘাটতি ছিল।দলীয় কার্যক্রমে এ বিষয়ে আলোচনার পরে তারা প্রতিক্রিয়া জানানোর কথা বলেছে ওয়ার্কার্স পার্টির প্রার্থীরা। জাসদ সভাপতি হাসানুল হক ইনু বলেছেন, প্রশাসনের রহস্যজনক ভূমিকায় ভোটে কারচুপি হয়েছে। ফলাফল সম্পর্কে তারা একটি তদন্ত করবে(স্বকণ্ঠে): খুব পরিকল্পিত মানে ভোটের কারচুপি হয়েছে এবং প্রশাসনের রহস্যজনক নীরবতায় আমি ক্ষতিগ্রস্ত হয়েছি এবং পরাজিত হয়েছি। শীর্ষ নেতাদের এমন হারে বিপর্যস্ত শরিকরা। আর জোটের ভোটের রাজনীতি কতদূর এগোবে তা নিয়ে অপেক্ষা করতে হবে দলগুলোর অভ্যন্তরীণ বৈঠকে তাদের নীতিগত সিদ্ধান্ত পর্যন্ত। (রেডিও তেহরান:২০৩০ ঘ. ১০.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### ভূমিকম্প-বিধ্বস্ত ইশিকাওয়া জেলায় ২০০ জনের বেশি লোকের মৃত্যু নিশ্চিত করা হয়েছে

নববর্ষের দিনে ৭.৬ মাত্রার ভূমিকম্পের পর মধ্য জাপানের নোতো উপদ্বীপে উদ্ধার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। মৃতের সংখ্যা অব্যাহতভাবে বেড়ে চলেছে, কারণ অনুসন্ধান দলগুলো ভূমিকম্পের কেন্দ্রের কাছাকাছির ধ্বংসাবশেষের মধ্যে তন্ন তন্ন করে উদ্ধার অভিযান পরিচালনা করছে। ইশিকাওয়া জেলার কর্মকর্তারা বলছেন, বুধবার দুপুর ২টা পর্যন্ত ২০৬ জনের মৃত্যু নিশ্চিত করা হয়েছে এবং ৫২ জন নিখোঁজ রয়েছেন। ভূমিকম্পের কেন্দ্রস্থলের কাছে ওয়াজিমা শহরে অগ্নিকাণ্ডের পর পুলিশ নিখোঁজদের জন্য নিবিড় অনুসন্ধান চালায়। আগুনে ৫০ হাজার বর্গমিটার এলাকা পুড়ে যায় এবং ২০০টিরও বেশি ভবন ধ্বংস হয় বলে অনুমান করা হচ্ছে। ক্ষতিগ্রস্ত সড়ক ও শীতল আবহাওয়ার কারণে চলমান ত্রাণ তৎপরতা ব্যাহত হচ্ছে। মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত, উপদ্বীপের উত্তর অংশে ৩ হাজারেরও বেশি লোক এখনও বিচ্ছিন্ন অবস্থায় রয়েছেন। অনেকেই মৌলিক সুবিধা থেকে বিচ্ছিন্ন রয়েছেন। বুধবার সকাল পর্যন্ত প্রায় ১৫ হাজার পরিবার বিদ্যুৎ বিভ্রাটের সাথে মোকাবিলা করছে। প্রায় ৫৯ হাজার পরিবার পানিবিহীন রয়েছে। ২৬ হাজারেরও বেশি লোক অস্থায়ী আশ্রয়কেন্দ্রে অবস্থান করছেন এবং কিছু কিছু আশ্রয়কেন্দ্রে স্বেচ্ছাসেবকদের ঘাটতি দেখা দিচ্ছে। জাপানের প্রধানমন্ত্রী কিশিদা ফুমিও দ্রুত হলে শনিবারের মধ্যেই দুর্যোগ কবলিত এলাকা পরিদর্শনের পরিকল্পনা করছেন।তিনি পরিস্থিতি পর্যবেক্ষণ করবেন এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সহায়তা করার জন্য কী করা দরকার তা নির্ধারণ করবেন বলে আশা করা হচ্ছে। (এনএইচকে ওয়েব পেজ: ১০.০১.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### নতুন মন্ত্রিসভায় ঠাঁই পেলেন যারা

৩৭ সদস্যের নতুন মন্ত্রিসভা গঠন করেছেন শেখ হাসিনা। সেখানে তিনি প্রধানমন্ত্রী এবং ২৫ জন পূর্ণ মন্ত্রী ও ১১ প্রতিমন্ত্রীর দায়িত্বে থাকছেন। বুধবার সন্ধ্যায় সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব সাংবাদিকদের এ তথ্য জানান। মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন জানান, নতুন মন্ত্রিসভা আগামীকাল বৃহস্পতিবার শপথ নেবে। সন্ধ্যা সাতটায় বঙ্গভবনে শপথ অনুষ্ঠান হবে। এ জন্য সব ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে।

এবারের মন্ত্রিসভায় বর্তমান মন্ত্রিসভা থেকে বেশ কয়েকজন মন্ত্রীকে স্থান দেয়া হয়েছে। তাদের মধ্যে আছেন: আ ক ম মোজাম্মেল হক, ওবায়দুল কাদের, নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন, আসাদুজ্জামান খান কামাল, দীপু মনি, তাজুল ইসলাম, আনিসুল হক, হাছান মাহমুদ, সাধন চন্দ্র মজুমদার, মহিবুল হাসান চৌধুরী, ফরহাদ হোসেন ও ফরিদুল হক খান। নতুনদের মধ্যে মন্ত্রিসভায় জায়গা পেতে যাচ্ছেন: কর্নেল (অব.) ফারুক খান, আবুল হাসান মাহমুদ আলী, র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী, মোহাম্মদ আব্দুর রহমান, নারায়ণ চন্দ্র চন্দ, আব্দুস সালাম, জিল্লুল হাকিম, সাবের হোসেন চৌধুরী, জাহাঙ্গীর কবির নানক, আব্দুস শহীদ এবং নাজমুল হাসান পাপন। টেকনোক্র্যাট মন্ত্রী হিসেবে আবারও স্থান পেয়েছেন বর্তমান মন্ত্রিসভার বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ইয়াফেস ওসমান। শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের প্রধান সমন্বয়ক সামন্ত লাল সেনকে টেকনোক্র্যাট মন্ত্রী হিসেবে মন্ত্রিসভায় স্থান দিয়েছেন শেখ হাসিনা। প্রতিমন্ত্রী হিসেবে মন্ত্রিসভায় স্থান পাচ্ছেন আওয়ামী লীগের আরো ১১ জন সংসদ সদস্য। তাদের মধ্যে রয়েছেন: সিমিন হোসেন রিমি, নসরুল হামিদ, জুনায়েদ আহমেদ পলক, মোহাম্মদ আলী আরাফাত, মুহিবুর রহমান, জাহিদ ফারুক, কুজেন্দ্র লাল ত্রিপুরা, রুমানা আলী, শফিকুর রহমান চৌধুরী, আহসানুল ইসলাম টিটু এবং খালিদ মাহমুদ চৌধুরী। এদের মধ্যে নসরুল হামিদ, জুনায়েদ আহমেদ পলক, জাহিদ ফারুক এবং খালিদ মাহমুদ চৌধুরী বর্তমান মন্ত্রিসভায় প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্বরত আছেন।

বর্তমান মন্ত্রিসভার গুরুত্বপূর্ণ মন্ত্রীদের মধ্যে বাদ পড়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তাফা কামাল, পরিকল্পনামন্ত্রী আব্দুল মান্নান, কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক, পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন, ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী, স্বাস্থ্যমন্ত্রী জাহেদ মালেক, বাণিজ্যমন্ত্রী টিপু মুনশীসহ আরো কয়েকজন। এছাড়াও বর্তমান মন্ত্রিসভায় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করে আসা শাহরিয়ার আলমকেও রাখা হয়নি নতুন মন্ত্রিসভায়। আর বর্তমান মন্ত্রিসভায় থাকা সদস্যদের মধ্যে পদোন্নতি পেয়েছেন মহিবুল হাসান চৌধুরী, ফরহাদ হোসেন ও ফরিদুল হক খান। মহিবুল বর্তমান মন্ত্রিসভায় শিক্ষা উপমন্ত্রীর দায়িত্ব পালন করছেন আর জনপ্রশাসন প্রতিমন্ত্রী হিসেবে ছিলেন ফরহাদ হোসেন। আর ধর্ম প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করেছেন ফরিদুল হক খান।

তবে মন্ত্রিসভা ঘোষণা করা হলেও এখনও দপ্তর বণ্টন করা হয়নি। মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেন জানিয়েছেন, বৃহস্পতিবার শপথের পর নতুন মন্ত্রিসভার সদস্যদের দপ্তর বণ্টন করা হবে। আজ জাতীয় সংসদ ভবনে শপথ নিয়েছেন নব নির্বাচিত সংসদ সদস্যরা। ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয় পায় ক্ষমতাসীন আওয়ামী লীগ। ২৯৮টি আসনের মধ্যে ২২২টি আসন পেয়েছে দলটি। দুটি আসনে পরে নির্বাচন অনুষ্ঠিত হবে। তবে, এবারও মন্ত্রিসভায় ১৪ দলের কোনো শরিককে রাখা হয়নি। মন্ত্রিপরিষদ বিভাগের এক প্রজ্ঞাপনে বলা হয়েছে, সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (১) দফা অনুযায়ী মন্ত্রী, প্রতিমন্ত্রীদের নিয়োগ দেয়া হয়েছে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১০.১.২৪ রিহাব)

## টানা চতুর্থবার সংসদ নেতা শেখ হাসিনা

আবারো সংসদ নেতা নির্বাচিত হয়েছেন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। দলীয় সংসদ সদস্যদের শপথ শেষে জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত আওয়ামী লীগের সংসদীয় সভায় তাকে সংসদ নেতা হিসেবে নির্বাচিত করা হয়। সভা সূত্র জানায়, সংখ্যাগরিষ্ঠ দলের নেতা হিসেবে শেখ হাসিনার নাম প্রস্তাব করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। বর্তমান চিফ হুইপ নূর- ই- আলম চৌধুরী লিটন ওই প্রস্তাবের সমর্থন জানান। পরে সর্বসম্মতিক্রমে তা গ্রহণ করা হয়। সংসদ নেতা নির্বাচনের পাশাপাশি বৈঠকে সংসদ উপনেতাও নির্বাচন করা হয়। একাদশে জাতীয় সংসদের উপনেতা মতিয়া চৌধুরীকেই দ্বাদশ জাতীয় সংসদের উপনেতা নির্বাচিত করা হয়। এছাড়া বর্তমান স্পিকার শিরীন শারমিন চৌধুরীকে আবারও স্পিকার হিসেবে নির্বাচনের সিদ্ধান্ত হয়। ডেপুটি স্পিকার শামসুল হক টুকুও থাকছেন একই দাযিত্বে। এছাড়া নুর ই আলম চৌধুরীকে দ্বাদশ জাতীয় সংসদে চিফ হুইপ হিসেবে নির্বাচনের সিদ্ধান্ত হয়।

সংসদ নেতা, উপনেতা, স্পিকার, ডেপুটি স্পিকার এবং হুইপ নির্বাচনের আগে মঙ্গলবার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জয়ী প্রার্থীরা সংসদ সদস্য হিসেবে শপথ নেন। সকাল ১০টায় শেখ হাসিনাসহ আওয়ামী লীগ থেকে নির্বাচিত সংসদ সদস্যরা শপথ নেন। স্বতন্ত্র এমপিরা শপথ নেন তারপর। স্পিকার শিরীন শারমিন চৌধুরী সবাইকে শপথ বাক্য পাঠ করান। পরে সবাই শপথপত্রে সই করেন। বেলা ১১টায় স্বতন্ত্র সংসদ সদস্যরা এবং দুপুর ১২টায় জাতীয় পার্টি ও অন্য দল থেকে নির্বাচিত সংসদ সদস্যরা শপথ নেন। নির্বাচন কমিশনের (ইসি) গ্যাজেট অনুযায়ী, এবারের নির্বাচনে ৬২ আসনে স্বতন্ত্র প্রার্থী জয়ী হয়েছেন।

এবারের নির্বাচনে ২৯৮ আসনের মধ্যে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ পেয়েছে ২২২ আসন। ফলে টানা চতুর্থবারের মতো সরকার গঠন করতে যাচ্ছে আওয়ামী লীগ। এর আগে ১৯৯৬-২০০১ মেয়াদে ক্ষমতায় ছিল আওয়ামী লীগ। বিএনপিসহ ১৬টি রাজনৈতিক দল এবারের নির্বাচন বর্জন করেছে। আগামীকাল বৃহস্পতিবার সন্ধ্যা সাতটায় বঙ্গভবনে নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ অনুষ্ঠান হবে।

আওয়ামী লীগের নীতিনির্ধারণী সূত্রগুলো বলছে, ৪৫ সদস্যের মন্ত্রিসভা থেকে অন্তত ১৫ জন বাদ পড়তে পারেন। এর মধ্যে টানা তিন মেয়াদে মন্ত্রিসভায় আছেন এমন নেতাও বাদ পড়তে পারেন। এর বাইরে মন্ত্রিসভার তিনজন সদস্য নির্বাচনে পরাজিত হয়েছেন এবং তিনজন দলের মনোনয়নই পাননি। এবার যে তিনজন প্রতিমন্ত্রী পরাজিত হয়েছেন, তারা হলেন ত্রাণ প্রতিমন্ত্রী এনামুর রহমান, স্থানীয় সরকার প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য ও বিমান প্রতিমন্ত্রী মাহবুব আলী। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ১০.১.২৪ রিহাব)

## ৯ মামলায় ফখরুলের জামিন, রইলো বাকি দুই

ঢাকার পল্টন ও রমনা থানায় করা নয়টি মামলায় জামিন পেয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ঢাকার অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম সুলতান সোহাগ উদ্দীন বুধবার বিকেলে এ আদেশ দেন। ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারকে তা জানিয়েছেন অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর তাপস কুমার পাল। এর আগে, স্থানীয় সময় দুপুরে জামিন আবেদনের শুনানি শেষ হলেও বিচারক আদেশ পরে দেওয়া হবে বলে জানান। মঙ্গলবার এসব মামলায় একই আদালতে মির্জা ফখরুলকে গ্রেপ্তার দেখানো হয়েছিল। এরমধ্যে ছয়টি মামলা পল্টন থানায় ও তিনটি রমনা থানায় দায়ের করা হয়। মামলার আইনজীবীদের আবেদনের পরিপ্রেক্ষিতে তাকে গ্রেপ্তার দেখানো হয়।

গত ২৯ অক্টোবর দায়ের করা মামলায় কারাগারে পাঠানোর পর থেকে তিনি বন্দি রয়েছেন। পুলিশ কনস্টেবলকে হত্যা, রাস্তায় অবৈধ জমায়েত, যানবাহন ভাঙচুর, তাণ্ডব, পুলিশের অস্ত্র ছিনতাই, সম্পদের ক্ষতি, পুলিশ সদস্যদের লাঞ্ছিত এবং দায়িত্ব পালনে বাধা দেওয়ার অভিযোগে পল্টন ও রমনা থানায় তার বিরুদ্ধে মোট নয়টি মামলা করা হয়েছিল।

এদিকে দৈনিক প্রথম আলোকে মির্জা ফখরুলের আইনজীবী আসাদুজ্জামান বলেছেন, নয়টিতে জামিন পেলেও আরেকটি মামলায় আজ হাইকোর্টে তার জামিন আবেদন নাকচ হয়েছে। ঢাকা মহানগর দায়রা জজ আদালতে শুনানির অপেক্ষায় আছে আরো একটি মামলা। এ দুটি মামলায় জামিন পেলে বিএনপি মহাসচিব কারামুক্ত হতে পারবেন বলে জানিয়েছেন তিনি। উল্লেখ্য গত ২৮ অক্টোবর বিএনপির সমাবেশকে ঘিরে ঢাকায় সহিংসতার ঘটনা ঘটে। মৃত্যু হয় একজন পুলিশ সদস্যের। এজন্য সরকার বিএনপি নেতাকর্মীদের দায়ী করে আসছে। তবে সহিংসতার সঙ্গে নিজেদের জড়িত থাকার কথা অস্বীকার করে আসছেন বিএনপি নেতারা। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ১০.১.২৪ রিহাব)

# রেডিও টুডে

## বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সব দল অংশগ্রহণ না করায় হতাশ ইইউ

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের অনিয়মের পূর্ণ তদন্ত নিশ্চিতের আহ্বান জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন। একই সাথে সব দল নির্বাচনে অংশ না নেওয়ায় হতাশা প্রকাশ করেছে ২৭ দেশের এই জোট। উদ্বেগ জানিয়েছে বিরোধী দলের সদস্যদের আটকের ঘটনায়। এছাড়া সব পক্ষকে নির্বাচন পরবর্তী সহিংসতা পরিহারের আহ্বান ও

জানিয়েছে ইইউ। ব্রাসেলসের স্থানীয় সময় মঙ্গলবার বাংলাদেশের নির্বাচন নিয়ে এক বিবৃতিতে নিজেদের এই অবস্থানের কথা জানিয়েছে (রেডিও টুডে : ৮৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

**বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ**

ঐতিহাসিক ১০ জানুয়ারি আজ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস। পাকিস্তানের হানাদার বাহিনীর বিরুদ্ধে রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে বাঙালি বিজয় অর্জনের পর স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালের ১০ই জানুয়ারি দেশে ফেরেন। তার দেশে ফেরার মধ্য দিয়ে পূর্ণতা পায় বাঙালির মুক্তির আন্দোলন মুক্তিযুদ্ধ। স্বাধীন দেশে স্বাধীনভাবে পা রাখেন মুক্তির মহানায়ক।

(রেডিও টুডে : ৮৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

**স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে ধানমন্ডির ৩২ নম্বরে তার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ বুধবার সকাল ৭:৫৫ মিনিটের দিকে শ্রদ্ধা জানান তিনি। এ সময় কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন শেখ হাসিনা। পরে আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে নিয়ে দলের সভাপতি হিসেবে আরেকবার শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী। (রেডিও টুডে ১৩৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

**শপথ নিলেন দ্বাদশ জাতীয় সংসদের নবনির্বাচিত সংসদ সদস্যরা**

দ্বাদশ জাতীয় সংসদের নবনির্বাচিত এমপিরা শপথ নিয়েছেন। বুধবার সকাল দশটায় জাতীয় সংসদ ভবনের শপথ কক্ষে আওয়ামী লীগ থেকে নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ পাঠ করান স্পিকার ড. শিরিন শারমিন চৌধুরী। তার আগে শপথ কক্ষে এমপি হিসেবে নিজেই নিজের শপথ নেন স্পিকার। এরপর বেলা ১১টায় স্বতন্ত্র সংসদ সদস্যরা শপথ নেন। বেল বারোটায় জাতীয় পার্টি ও অন্য দল থেকে নির্বাচিত সংসদ সদস্যরা শপথ নেন। নিয়ম অনুযায়ী শপথ গ্রহণের পরই নবনির্বাচিত সংসদ সদস্যরা কার্যভার গ্রহণ করবেন।(রেডিও টুডে ১৩৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

**পঞ্চমবারের মত সংসদ নেতা হলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সর্বসম্মতি ক্রমে সংসদ নেতা হিসেবে নির্বাচিত করা হয়েছে। এ নিয়ে তিনি পঞ্চমবার ও টানা চতুর্থবারের মত সংসদ নেতা নির্বাচিত হয়েছেন। বুধবার সংসদে বাংলাদেশ আওয়ামী লীগের সংসদীয় দলের সভায় সংসদ নেতা হিসেবে নির্বাচিত করা হয় তাকে। এছাড়া এ সভা থেকে সংসদ উপনেতা নির্বাচিত করা হয়েছে মতিয়া চৌধুরীকে। চীফ হুইপ করা হয়েছে নূরে আলম লিটন চৌধুরীকে। আবারো জাতীয় সংসদের স্পিকার হয়েছেন ড. শিরীন শারমিন চৌধুরী। (রেডিও টুডে ১৩৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

**সাম্প্রদায়িক অপশক্তির বিষবৃক্ষ সমূলে উৎপাটন করাই আমাদের আজকের দিনের শপথ : কাদের**

সাম্প্রদায়িক অপশক্তি দেশে যে বিষবৃক্ষ ছড়িয়েছে তা সমূলে উৎপাটন করাই আজকের দিনের শপথ এমন মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বুধবার বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন শেষে এ কথা বলেন তিনি। ওবায়দুল কাদের বলেন আজকে যে বিষবৃক্ষ ডালপালা ছড়িয়েছে এটাকে উৎপাটন করে বঙ্গবন্ধুর সোনার বাংলা অভিমুখে আমাদের অভিযাত্রা অব্যাহত থাকবে। তিনি বলেন বঙ্গবন্ধুহীন বাংলাদেশে বিজয় ছিল অসম্পূর্ণ। জাতির পিতার স্বদেশ প্রত্যাবর্তন মধ্য দিয়ে মহান মুক্তিযুদ্ধের বিজয় পূর্ণতা পেয়েছিল বলে জানান ওবায়দুল কাদের।

(রেডিও টুডে ১৩৪৫ ঘ. ১০.০১.২০১৪ আসাদ)

**জিএম কাদের ও চুন্নুর পদত্যাগের দাবিতে বিক্ষোভ করেছেন জাতীয় পার্টির নেতারা**

জিএম কাদের ও চুন্নুর পদত্যাগের দাবিতে বিক্ষোভ করেছেন জাতীয় পার্টির পরাজিত প্রার্থীরা। নির্বাচনে অংশগ্রহণ ও আওয়ামী লীগের সমঝোতা করে দলের কথা চিন্তা না করে নিজেরা সংসদে যাওয়ার জন্য জাতীয় পার্টির নাম ব্যবহার করার অভিযোগ তুলে বনানী কার্যালয়ের সামনে বুধবার সকালে বিক্ষোভ করেছে জাতীয় পার্টির একাধিক কো-চেয়ারম্যানসহ শীর্ষ নেতারা। (রেডিও টুডে ১৩৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

**বাংলাদেশ নির্বাচনি প্রক্রিয়া গণতন্ত্র ও স্বাধীনতার মূলনীতি থেকে ছিটকে পড়েছে : কানাডা**

বাংলাদেশ নির্বাচনি প্রক্রিয়া, গণতন্ত্র ও স্বাধীনতার মূলনীতি থেকে ছিটকে পড়েছে বলে হতাশা প্রকাশ করেছে কানাডা। আজ বুধবার এক বিবৃতিতে এই হতাশার কথা জানিয়েছে কানাডার গ্লোবাল অ্যাফেয়ার্স। এছাড়া নির্বাচনের আগে ও পরে সহিংসতার ঘটনার নিন্দাও জানিয়েছে উত্তর আমেরিকার এই দেশটি। বিবৃতিতে গণতন্ত্র ও মানবাধিকারের প্রতি

সম্মান ও মৌলিক স্বাধীনতা রক্ষায় সব পক্ষের সাথে এ সরকারকে স্বচ্ছভাবে কাজ করার আহ্বান জানানো হয়। কার্যকর বিরোধী দল ও সংবাদপত্রের স্বাধীনতার পাশাপাশি গণতন্ত্র সৃষ্টিতে সুষ্ঠু নির্বাচন গুরুত্বপূর্ণ এমনটাও জানানো হয় বিবৃতিতে। এর আগে বাংলাদেশের নির্বাচন আবাধ ও সুষ্ঠু হয়নি বলে বিবৃতি জানায় যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য। এছাড়াও মঙ্গলবার নির্বাচনে প্রধান সব রাজনৈতিক দল অংশগ্রহণ না নেওয়ায় হতাশা প্রকাশ করে ইউরোপীয় ইউনিয়ন।
(রেডিও টুডে :১৩৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

## দেশ প্রেমিক জনগণ ভোট বর্জন করে সরকারকে লাল কার্ড দেখিয়ে দিয়েছে : রিজভী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণতান্ত্রিক প্রস্থানের পথ হারিয়ে ফেলেছেন বলে মন্তব্য করেছেন বিএনপি সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। বুধবার বেলা ১১টায় রাজধানীর গুলশান এক নম্বরে লিফলেট বিতরণ শেষে এই মন্তব্য করেন তিনি। রিজভী বলেন একতরফা ও প্রতারণার নির্বাচন করে গোটা জাতিকে ধোঁকা দিয়েছে সরকার। আমরা এই নির্বাচনকে বর্জনের ডাক দিয়েছিলাম আপনারা দেশ প্রেমিক জনগণ ঠিকই ভোট বর্জন করে সরকারকে লাল কার্ড দেখিয়ে দিয়েছেন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ )

## সরকারের অবৈধ শপথ জনগণ গ্রহণ করবে না : ফারুক

সরকারের অবৈধ শপথ জনগণ গ্রহণ করবে না এবং জনগণ মেনে নেবে না। এই নির্বাচন সাধারণ মানুষ বর্জন করেছে বলে মন্তব্য করেছেন সাবেক বিরোধী দলীয় চিফ হুইপ ও বিএনপি নেতা জয়নাল আবদীন ফারুক। আজ বুধবার সকালে প্রেসক্লাবের সামনে লিফলেট বিতরণ ও গণসংযোগের সময় এ কথা বলেন জয়নাল আবেদীন ফারুক। জয়নাল আবদীন ফারুক বলেন এরশাদও নির্বাচন দিয়ে শপথ গ্রহণ করে সরকার গঠন করেছিল কিন্তু টিকতে পারেনি। আওয়ামী লীগের এই সরকারও টিকবে না। মানুষের অধিকার কেড়ে নিয়ে ক্ষমতায় টিকে থাকতে কেউ পারবে না।
(রেডিও টুডে :১৩৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

## ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ফ্লাইট চলাচল স্বাভাবিক হয়েছে

ঘন কুয়াশার কারণে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ফ্লাইট চলাচল প্রায় তিন ঘণ্টা বন্ধ ছিল। বিমানবন্দরের নির্বাহী পরিচালক গ্রুপ ক্যাপ্টেন কামরুল ইসলাম সংবাদ মাধ্যমকে বলেন কুয়াশায় ঢাকা বিমান বন্দরে অবতরণ করতে না পারায় একটি ফ্লাইটকে চট্টগ্রামের হজরত শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে ডাইভার্ট করা হয়। তিনি জানান কুয়াশার কারণে আজ ভোররাত পৌনে পাঁচটা থেকে সকাল আটটা পর্যন্ত ফ্লাইট চলাচল ব্যাহত হয়। সকাল আটটার পর কুয়াশা কেটে গেলে ফ্লাইট চলাচল পুনরায় শুরু হয়।
(রেডিও টুডে :১৩৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

## জামিন পাননি মির্জা ফখরুল

প্রধান বিচারপতিরে বাসভবনে হামলার অভিযোগে করা মামলায় বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর জামিন পাননি। এই মামলায় তার জামিন প্রশ্নে রুল খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। রুলের উপর শুনানি নিয়ে আজ বুধবার বিচারপতি মোহাম্মদ সেলিম ও বিচারপতি শাহেদ নুরুদ্দিনের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই রায় দেন।
(রেডিও টুডে :১৩৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

## রাজধানীর আফতাবনগরে নির্মাণাধীন ভবন থেকে পড়ে এক রডমিস্ত্রির মৃত্যু

রাজধানীর বাড্ডা থানার আফতাব নগরে নির্মাণাধীন ভবনের চতুর্থ তলা থেকে পড়ে বায়েজিদ নামের এক রডমিস্ত্রির মৃত্যু হয়েছে। আজ বুধবার সকাল ১০:৪০ মিনিটের দিকে গুরুতর আহত অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে আনা হলে জরুরি বিভাগের দায়িত্বরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত্যু ঘোষণা করেন। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ক্যাম্পের ইনচার্জ মোঃ বাচ্চু মিয়া চিকিৎসকদের বরাত দিয়ে বিষয়টি নিশ্চিত করেন। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

## ঢাকা-কক্সবাজার রুটে পর্যটক এক্সপ্রেস যাত্রা শুরু করেছে

ঢাকা-কক্সবাজার-ঢাকা রুটে দ্বিতীয় ননস্টপ আন্তঃনগর ট্রেন পর্যটক এক্সপ্রেস যাত্রা শুরু করেছে। আজ বুধবার সকাল ৬:১৫ মিনিটে নতুন এই ট্রেনটি কমলাপুর রেলওয়ে স্টেশন থেকে প্রথম যাত্রা শুরু করে। ধারণ ক্ষমতার ৭৮০ জন যাত্রী সপ্তাহে ছয় দিন ১৬টি অত্যাধুনিক কোচ নিয়ে ঢাকা থেকে কক্সবাজারে যাওয়া আসা করবে।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১০.০১.২০২৪ আসাদ)

**প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আবারও প্রধানমন্ত্রী পদে নিয়োগের সিদ্ধান্ত দিয়েছেন রাষ্ট্রপতি**

আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আবারও প্রধানমন্ত্রী পদে নিয়োগের সিদ্ধান্ত দিয়েছেন রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। একই সঙ্গে তার নেতৃত্বে নতুন মন্ত্রিসভা গঠনের জন্য সম্মতি প্রকাশ করেছেন তিনি। বুধবার মন্ত্রী পরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০১.২০২৪ রুবাইয়া)

**এবার কেউ বলতে পারবে না দিনের ভোট রাতে হয়েছে: প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন এবার কেউ বলতে পারবে না দিনের ভোট রাতে হয়েছে। এবারের ভোটে কারচুপি হয়েছে এমন কিছু বলার ক্ষমতা কারো নেই। কারণ স্বাধীন নির্বাচন কমিশনের অধীনে এবারের নির্বাচন অত্যন্ত স্বচ্ছ অবাধ ও নিরপেক্ষ হয়েছে। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে বুধবার বিকেলে ঢাকা সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগের আয়োজিত জনসভায় এসব কথা বলেন দলটির সভাপতি শেখ হাসিনা। জনসভায় তিনি আরো বলেন আওয়ামী লীগ ক্ষমতায় এসেছে। কেউ আর আমাদের অগ্রযাত্রা ঠেকাতে পারবে না।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০১.২০২৪ রুবাইয়া)

**বিএনপি একটা ভুয়া দল; তাদের কর্মসূচি ভুয়া, আন্দোলন ভুয়া, এক দফা ভুয়া: ওবায়দুল কাদের**

একই জনসভায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন বিএনপি একটা ভুয়া দল; তাদের আন্দোলন ভুয়া, কর্মসূচি ভুয়া, এক দফা ভুয়া। এ সময় তিনি আরো জানান, এখন খেলা হবে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে, সন্ত্রাস-জঙ্গিবাদের বিরুদ্ধে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০১.২০২৪ রুবাইয়া)

**রাজধানীর পল্টন ও রমনা থানার পৃথক ৯টি মামলায় জামিন পেলেন মির্জা ফখরুল**

রাজধানী পল্টন ও রমনা থানার পৃথক ৯টি মামলায় জামিন পেয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মো. সুলতান সোহাগ বুধবার এই আদেশ দেন। আরো দুটি মামলায় জামিন পেলেন মির্জা ফখরুল। কারা মুক্ত হতে পারবেন বলে জানা গেছে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০১.২০২৪ রুবাইয়া)

**নতুন সরকার গঠনের পর প্রথম চ্যালেঞ্জ হবে অগ্নিসন্ত্রাস সমূলে উৎপাটন: তথ্যমন্ত্রী**

তথ্য ও সম্প্রচার মন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, নতুন সরকার গঠনের পর প্রথম চ্যালেঞ্জ হবে অগ্নিসন্ত্রাস সমূলে উৎপাটন এবং স্মার্ট বাংলাদেশ গঠন। বুধবার বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে তার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের পর সাংবাদিকদের এ কথা বলেন তথ্যমন্ত্রী। এ সময় তিনি আরো বলেন এ সময় তিনি আরো বলেন, ৭ জানুয়ারির নির্বাচন অত্যন্ত সুন্দর, আবাধ ও নিরপেক্ষ হয়েছে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০১.২০২৪ রুবাইয়া)

**সংসদে বিরোধী দল গঠনে স্বতন্ত্র প্রার্থীরা মিলে জোট গঠন করার কথা জানিয়েছেন নিক্সন চৌধুরী**

সংসদে বিরোধী দল গঠনে স্বতন্ত্র প্রার্থীরা মিলে জোট করার কথা জানিয়েছেন ফরিদপুর-৪ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচিত প্রার্থী সংসদ সদস্য মুজিবুর রহমান চৌধুরী ওরফে নিক্সন চৌধুরী। বুধবার জাতীয় সংসদে এমপি হিসেবে শপথ গ্রহণের আগে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। নিক্সন চৌধুরী জানান তারা আলোচনার মাধ্যমে জোট গঠনের বিষয়ে সিদ্ধান্ত নেবেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০১.২০২৪ রুবাইয়া)

**৪৮ ঘণ্টার মধ্যে জিএম কাদের ও চুন্নুকে পদত্যাগের আল্টিমেটাম দিয়েছেন দলটির শীর্ষ নেতারা**

জাতীয় পার্টির একাধিক কো-চেয়ারম্যানসহ শীর্ষ নেতারা আগামী ৪৮ ঘণ্টার মধ্যে জিএম কাদের ও চুন্নুকে পদত্যাগের আল্টিমেটাম দিয়েছেন। অন্যথায় দলের চেয়ারম্যান মহাসচিবকে অপসারণ করে কাউন্সিলর-এর মাধ্যমে নতুন নেতৃত্ব নির্বাচিত করা হবে বলেও হুঁশিয়ারি দিয়েছেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০১.২০২৪ রুবাইয়া)

**কিছু লোক দলকে প্রশ্নবিদ্ধ করা কিংবা ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা করছে: জিএম কাদের**

দলীয় অফিসে বিক্ষোভ প্রসঙ্গে জিএম তাদের বলেছেন এগুলো সাজানো জিনিস। কিছু লোক দলকে প্রশ্নবিদ্ধ করা কিংবা ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা করছে। বুধবার জাতীয় সংসদে শপথ গ্রহণের পর তিনি এ কথা বলেন। এ সময় জিএম কাদের জানান জাতীয় পার্টি বিরোধী দলই থাকতে চায়। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০১.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

**স্বদেশ প্রত্যাবর্তন দিবসে ডাকটিকিট অবমুক্ত করলেন প্রধানমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে স্মারক ডাকটিকিট, উদ্‌বোধনী খাম এবং ডাটা কার্ড অবমুক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ বুধবার গণভবনে ১০ টাকা মূল্যমানের স্ট্যাম্প, উদ্‌বোধনী খাম এবং ৫ টাকা মূল্যমানের ডাটা কার্ড অবমুক্ত করা হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি কে এম সাখাওয়াত মুন বলেন,' অনুষ্ঠানে একটি বিশেষ সিলমোহর ব্যবহার করা হয়েছে। আজ থেকে ঢাকা জিপিওর ফিলাটেলিক ব্যুরোতে স্ট্যাম্প, উদ্‌বোধনী খাম এবং ডাটা কার্ড বিক্রি করা হবে। এগুলো পরে সারা দেশের অন্যান্য জিপিও এবং প্রধান পোস্ট অফিসগুলোতেও পাওয়া যাবে। উদ্‌বোধনী খাম ব্যবহারের জন্য চারটি জিপিওতে

বিশেষ সিলমোহরের ব্যবস্থাও রয়েছে।' এ সময়ে ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মোহাম্মদ সালাহউদ্দিন এবং ডাক ও টেলিযোগাযোগ সচিব আবু হেনা মোরশেদ জামান উপস্থিত ছিলেন। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## আবারো সংসদ নেতা শেখ হাসিনা, স্পিকার শিরীন শারমিন

আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা টানা চতুর্থ বারের মতো সংসদ নেতা নির্বাচিত হয়েছেন। আজ বুধবার আওয়ামী লীগের এমপিদের শপথ শেষে অনুষ্ঠিত দলের সংসদীয় দলের সভায় শেখ হাসিনাকে সংসদ নেতা নির্বাচিত করা হয়। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের তার নাম প্রস্তাব করেন। নূর-ই-আলম চৌধুরী লিটন প্রস্তাবে সমর্থন জানান। পরে সর্বসম্মতিক্রমে তা গ্রহণ করা হয়। সংসদ নেতা নির্বাচনের পাশাপাশি বৈঠকে সংসদ উপনেতাও নির্বাচিত করা হয়। একাদশ জাতীয় সংসদের উপনেতা বেগম মতিয়া চৌধুরীকে দ্বাদশ জাতীয় সংসদের উপনেতা করা হয়েছে। এদিকে সংসদীয় দলের সভায় বর্তমান স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে আবারো স্পিকার হিসেবে নির্বাচনের সিদ্ধান্ত হয়। ডেপুটি স্পিকার শামসুল হক টুকুকেও রাখা হয় বহাল। চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী লিটনকেও বহাল রাখা হয়েছে তার পদে। তিনি আওয়ামী লীগের সংসদীয় দলের সেক্রেটারি হিসেবেও দায়িত্ব পালন করবেন। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## শপথ নিলেন আওয়ামী লীগের নব-নির্বাচিত এমপিরা

শপথ নিয়েছেন দ্বাদশ জাতীয় সংসদে নির্বাচিত আওয়ামী লীগের এমপিরা। বুধবার সকাল ১০টায় শপথের আনুষ্ঠানিকতা শুরু হয়। অন্যান্য কার্যক্রম শেষে শপথ পাঠ করেন সদস্যরা। পরে তাদের শপথের কাগজে স্বাক্ষর করতে বলা হয়। পরবর্তী কার্যক্রম হিসেবে সংসদের রেজিস্ট্রারে স্বাক্ষর করতে বলা হয়। শপথের পর নবাগত এমপিরা স্পিকারের সামনে শপথ ফরমে স্বাক্ষর করেন। সংবিধান অনুযায়ী, গেজেট প্রকাশের তিনদিনের মধ্যে সংসদ সদস্যদের শপথ পড়াতে হয়। সে অনুযায়ী নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ পড়ান একাদশ সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। এমপিদের শপথের আগে প্রথম দফায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সংবিধান ও কার্যপ্রণালি বিধি অনুযায়ী এমপি হিসেবে নিজে শপথ গ্রহণ করেন এবং শপথ বইয়ে স্বাক্ষর করেন।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## বিরোধী দলীয় নেতা ঠিক করা হবে আলোচনা সাপেক্ষে : ওবায়দুল কাদের

দ্বাদশ জাতীয় সংসদে বিরোধী দলীয় নেতা কে হবেন, তা স্পিকার ও সংসদ নেতা আলোচনা সাপেক্ষে ঠিক করবেন বলে জানিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। একই সঙ্গে তিনি জানিয়েছেন, 'দ্বাদশ সংসদে নবীন ও প্রবীণদের সমন্বয়ে নতুন মন্ত্রিসভা গঠন করা হবে।' আজ বুধবার দুপুরে জাতীয় সংসদ ভবনে নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠান শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'আজকে সংসদীয় দলের সভায় স্পিকার, ডেপুটি স্পিকার এবং চিফ হুইপ নির্বাচিত হয়েছেন।' মন্ত্রিপরিষদের আকার কেমন হবে জানতে চাইলে তিনি বলেন, 'এই এখতিয়ার একমাত্র প্রধানমন্ত্রী শেখ হাসিনার। তিনি বলতে পারবেন মন্ত্রিসভার আকার এবং প্রকার কী হবে।' এর আগে বুধবার সকালে বিজয়ী সংসদ সদস্যদের শপথ অনুষ্ঠিত হয়েছে। আওয়ামী লীগের এমপিদের শপথ শেষে অনুষ্ঠিত হয় দলটির সংসদীয় দলের প্রথম সভা। সেখানে দলের সভাপতি ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্বাদশ জাতীয় সংসদের সংসদ নেতা নির্বাচিত হয়েছেন। দ্বাদশ সংসদ নির্বাচনে নিরঙ্কুশ জয় নিয়ে টানা চতুর্থবারের মতো সরকার গঠন করছে আওয়ামী লীগ। একই সঙ্গে এ বিজয়ের মধ্য দিয়ে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা টানা চতুর্থবার এবং সব মিলিয়ে পঞ্চমবারের মতো দেশের প্রধানমন্ত্রী হচ্ছেন। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## বিরোধী দলেই থাকতে চাই : জি এম কাদের

বিরোধী দলে ছিলেন এবং বিরোধী দলেই থাকতে চান বলে জানিয়েছেন জাতীয় পার্টির চেয়ারম্যান ও রংপুর-৩ আসনে নবনির্বাচিত সংসদ সদস্য জি এম কাদের। আজ বুধবার দুপুরে জাতীয় সংসদ ভবনে শপথ গ্রহণের পর তিনি এ কথা বলেন। তিনি বলেন, 'সংসদে আসার অনুভূতি সব সময়ই ভালো। সেদিক দিয়ে বলতে গেলে আবার সংসদে এলাম, সেটি আনন্দের বিষয়।' দ্বাদশ সংসদের বিরোধী দল প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আমি ঠিক জানি না নিয়মটা কী। তবে আমরা বিরোধী দলে ছিলাম এবং বিরোধী দলে থাকতে চাই। আমরা জনকল্যাণমুখী, যেটা জনগণের ভালো হয়- সেটিই আমরা করতে চাই।' পার্টি অফিসে নেতৃত্বের ব্যর্থতা নিয়ে বিক্ষোভ প্রসঙ্গে তিনি বলেন, 'এগুলো সাজানো জিনিস। কিছু লোক আমাদের পার্টিকে প্রশ্নবিদ্ধ করার অথবা ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা করছে। যেটা করা হয়েছে সবার সঙ্গে আলোচনা করেই করা হয়েছে।' এবারের সংসদ নির্বাচনে এত কম আসনে নির্বাচিত হওয়া প্রসঙ্গে তিনি বলেন, 'সব সময় সবকিছু এক রকম হয় না। এবারের নির্বাচনটা সঠিক নির্বাচন হয়নি। কিছু কিছু ক্ষেত্রে সঠিক হয়েছে। তবে বেশিরভাগ ক্ষেত্রেই আমাদের নেতা-কর্মীদের বিভিন্নভাবে হয়রানি ও বুথ দখল করা হয়েছে। নির্বাচন দিয়ে সত্যিকার অর্থে আমাদের জনপ্রিয়তা বা জনগণের সঙ্গে আমাদের যে ভিত্তি সেটি এ নির্বাচনের ফলাফলে সঠিকভাবে আসেনি।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## কিছু প্রার্থী নৌকা পেলেও বৈঠা পায়নি : নিক্সন চৌধুরী

স্বতন্ত্র সংসদ সদস্য মজিবুর রহমান চৌধুরী নিক্সন বলেছেন, 'আমরা নৌকার পক্ষের লোক। তবে নৌকার মাঝির বিপক্ষে। নিজ নিজ এলাকায় কিছু প্রার্থী নৌকাটা ঠিকই পেয়েছে তবে বৈঠাটা আমরা স্বতন্ত্ররা পেয়েছি।' আজ বুধবার বেলা সোয়া ১১টায় জাতীয় সংসদ ভবনে শপথ গ্রহণের পর তিনি এ কথা বলেন। মজিবুর রহমান চৌধুরী নিক্সন বলেন, 'আমাকে তিন বার স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করতে হল। সারা বাংলাদেশে যারা এমপি নির্বাচন করে এটা তাদের জন্য সিগন্যাল। জনগণের কাছে থাকতে হবে, বিপদে জনগণের পাশে থাকতে হবে, উন্নয়ন করতে হবে। যে দায়িত্ব দেওয়া হয়েছে আমি দুই দুই বার সঠিকভাবে পালন করেছি দেখেই কিন্তু জনগণ আমাকে তৃতীয় বারের মতো স্বতন্ত্র হিসেবে নির্বাচিত করেছেন। অতএব জনগণের বাইরে কিছু না; সব শক্তি জনগণের। আমি আমার এলাকার মানুষকে ধন্যবাদ জানাই যে, তারা আমাকে আবারো নির্বাচিত করেছেন; তাদের সেবা করার সুযোগ দিয়েছেন।' স্বতন্ত্র মিলে জোট গঠন করবেন কি না, এমন প্রশ্নের বিষয়ে তিনি বলেন, 'আমরা আজ কেবল শপথ নিলাম, সবাই পরিচিত না, আমরা আলোচনা করেই সিদ্ধান্ত নেব। আমরা সরকারি দলের বিদ্রোহী প্রার্থী। আমরা এখনো বিরোধী দলের ভূমিকায় নাই।' নিক্সন চৌধুরী বলেন, 'দলীয় স্বতন্ত্র না হলেও দলীয় বিদ্রোহী প্রার্থী আমরা। তবে বিদ্রোহী না বলে স্বতন্ত্র বলেই রাখেন। আমরা ৬২ জন পরিচিত হলাম আজ, শপথ নিলাম, ভবিষতে কী করা যায় আমরা বসে ঠিক করব।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## জনগণ নির্বাচন বর্জন করে সরকারকে লাল কার্ড দেখিয়েছে : রিজভী

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, 'এ অবৈধ সরকার এক তরফা প্রতারণার নির্বাচন করে গোটা জাতিকে ধোঁকা দিয়েছে। জনগণ নির্বাচন বর্জন করে, প্রত্যাখ্যান করে সরকারকে লাল কার্ড দেখিয়েছে।' আজ বুধবার বেলা ১১টায় গুলশান ১ নম্বর এলাকায় লিফলেট বিতরণ শেষে এসব কথা বলেন রিজভী। তিনি বলেন, 'শেখ হাসিনা গণতান্ত্রিক প্রস্থানের পথ হারিয়ে ফেলেছেন। জনগণ তাদের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে, বার বার কর্তৃত্ববাদী এ দুঃশাসন তারা আর মানবে না। এর বিরুদ্ধে সবাই আজ রুখে দাঁড়ান।' এ সময় আরো উপস্থিত ছিলেন বিএনপির স্বাস্থ্য বিষয়ক সম্পাদক মো. রফিকুল ইসলাম, তাঁতী দলের আহ্বায়ক আবুল কালাম আজাদ, মৎস্যজীবী দলের সদস্য সচিব আব্দুর রহিম, যুবদল কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি জাকির হোসেন সিদ্দিকী, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক মেহবুব মাসুম শান্ত, সহ-সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান জুয়েল, ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সাবেক সহ-সভাপতি তারেক উজ জামান তারেক, ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির সদস্য আরিফা সুলতানা রুমা, নাদিয়া পাঠান পাপন প্রমুখ। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## ৯ মামলায় মির্জা ফখরুলের জামিন

রাজধানীর রমনা মডেল ও পল্টন থানার পৃথক ৯টি মামলায় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের জামিন আবেদন মঞ্জুর করেছেন আদালত। আজ বুধবার ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সুলতান সোহাগ উদ্দিন শুনানি শেষে ১০ হাজার টাকা মুচলেকায় এ জামিন মঞ্জুর করেন। তবে পল্টন ও রমনা থানার নাশকতার দুই মামলায় কারাগারে থাকায় এখনই মুক্তি পাচ্ছেন না ফখরুল। গতকাল মঙ্গলবার, ৯ জানুয়ারি মির্জা ফখরুলকে গ্রেফতার দেখানোর আবেদন মঞ্জুর করেন ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সুলতান সোহাগ উদ্দিন। একই সঙ্গে অধিকতর জামিন শুনানির জন্য বুধবার দিন ধার্য করেন। ওইদিন সকালে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হয় মির্জা ফখরুলকে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## বিএনপি গণতন্ত্রের পথে আসেনি, মানুষ হত্যা বেছে নিয়েছিল : প্রধানমন্ত্রী

বিএনপির সমালোচনা করে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেছেন, 'তারা গণতন্ত্রের পথে আসেনি; মানুষ হত্যার পথ বেছে নিয়েছিল। তাই মানুষ তাদের প্রত্যাখ্যান করেছে। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসে আজ বুধবার ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগের জনসভায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। শেখ হাসিনা বলেন, '৭ জানুয়ারি নির্বাচনে আমাদের নির্বাচিত করা হয়েছে। আজকে সকালে নতুন সংসদ সদস্যরা শপথ নিয়েছে। আমাদের সংসদীয় দলের সভায় আমাকে তাদের নেতা নির্বাচিত করেছে। এখন সরকার গঠনে রাষ্ট্রপতির অনুমতি নিতে হবে। অনেকে অনেক স্বপ্ন দেখছে, কারো স্বপ্ন বাস্তবায়ন হবে না। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে। আওয়ামী লীগ সভাপতি বলেন, ২০১৪ সালের মতো এবারো ধ্বংসাত্মক কাজ শুরু করেছে বিএনপি - জামায়াত। ভোট বর্জনের জন্য লিফলেটও বিতরণ করেছে, আমরা বাধা দিইনি। কিন্তু জনগণ শত বাধা-বিপত্তি ও অগ্নিসন্ত্রাস এবং ভয়ভীতি মোকাবিলা করে স্বতঃস্ফূর্তভাবে ভোট দিয়েছে, তাদের প্রতি আমার কৃতজ্ঞ।' তিনি বলেন, আজকে আমরা মানুষের ভোট ও ভাতের অধিকার নিশ্চিত করেছি। গণতন্ত্রকে সুসংহত করেছি। দীর্ঘদিন গণতন্ত্রের ধারা আছে বলে মানুষের ভাগ্যের উন্নতি হয়েছে। সব দিক থেকে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে।'

(জাগো এফএম : ১৯০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## নতুন মন্ত্রিসভা গঠনে সম্মতি রাষ্ট্রপতির

টানা চতুর্থবার এবং পঞ্চমবারের মতো প্রধানমন্ত্রী নিয়োগ পাচ্ছেন আওয়ামী লীগের সভানেত্রী শেখ হাসিনা। রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন তাকে প্রধানমন্ত্রী নিয়োগের সিদ্ধান্ত দিয়েছেন। একই সঙ্গে তার নেতৃত্বে নতুন মন্ত্রিসভা গঠনে সম্মতি দিয়েছেন তিনি। আজ বুধবার এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এতে বলা হয়, রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৬ অনুচ্ছেদের ৩ দফা অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন সংসদ সদস্য শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী পদে নিয়োগের সিদ্ধান্ত দিয়েছেন এবং তার নেতৃত্বে নতুন মন্ত্রিসভা গঠনের জন্য সম্মতি জ্ঞাপন করেছেন। নতুন মন্ত্রিসভা গঠনের সঙ্গে সঙ্গে বর্তমান মন্ত্রিসভা ভেঙে দেওয়া হয়েছে বলে গণ্য হবে। এর আগে আজ সকালে শপথ নিয়েছেন নতুন নির্বাচিত সংসদ সদস্যরা। শপথ শেষে অনুষ্ঠিত সংসদীয় দলের সভায় শেখ হাসিনাকে সংসদ নেতা নির্বাচিত করা হয়। এখন গঠিত হবে নতুন মন্ত্রিসভা। সংবিধানের ৫৬ অনুচ্ছেদ অনুযায়ী, মন্ত্রিসভায় একজন প্রধানমন্ত্রী থাকবেন এবং প্রধানমন্ত্রী যেভাবে নির্ধারণ করবেন, সেভাবে অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী থাকবেন। প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের রাষ্ট্রপতি নিয়োগ দেন।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## রাষ্ট্রপতির সঙ্গে সংসদ নেতা শেখ হাসিনার সাক্ষাৎ

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঙ্গে সাক্ষাৎ করেছেন দ্বাদশ জাতীয় সংসদের নবনির্বাচিত নেতা ও বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ বুধবার বিকেলে বঙ্গভবনে এ সাক্ষাৎ হয়। জানা গেছে, পঞ্চমবারের মতো প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ পাচ্ছেন শেখ হাসিনা। রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন তাকে প্রধানমন্ত্রী নিয়োগের সিদ্ধান্ত দিয়েছেন। একই সঙ্গে তার নেতৃত্বে নতুন মন্ত্রিসভা গঠনে সম্মতি দিয়েছেন তিনি। আজ বুধবার এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। এতে বলা হয়, রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৬ অনুচ্ছেদের ৩দফা অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন সংসদ সদস্য শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী পদে নিয়োগের সিদ্ধান্ত দিয়েছেন এবং তার নেতৃত্বে নতুন মন্ত্রিসভা গঠনের জন্য সম্মতি জ্ঞাপন করেছেন। নতুন মন্ত্রিসভা গঠনের সঙ্গে সঙ্গে বর্তমান মন্ত্রিসভা ভেঙে দেওয়া হয়েছে বলে গণ্য হবে। (জাগো এফএম : ১৯০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## ফাইনাল হয়ে গেছে, এখন হবে নতুন খেলা : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, খেলা শেষ। ফাইনাল হয়ে গেছে ৭ জানুয়ারি। কী হলো, বিএনপি একটা ভুয়া দল। তাদের আন্দোলন ভুয়া। তাদের কর্মসূচি ভুয়া। তাদের ২৮ দফা ভুয়া, এক দফা ভুয়া। তাদের আরাফি বাইডেনের উপদেষ্টা ভুয়া, বিএনপিও ভুয়া। তাদের নেতা তারেক আসল ভুয়া। তার ডাক লন্ডন থেকে কেউ শোনে না। তাদের বর্তমান ও ভবিষ্যৎ ভুয়া।' বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসে আজ বুধবার সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগের জনসভায় তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের আরো বলেন, 'নির্বাচনের খেলা শেষ, এখন নতুন খেলা। এখন খেলা হবে রাজনীতির। এখন খেলা হবে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে। খেলা হবে জঙ্গিবাদের বিরুদ্ধে। খেলা হবে দুর্নীতি ও লুটপাটের বিরুদ্ধে। খেলা হবে সন্ত্রাসের বিরুদ্ধে।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## অগ্নিসন্ত্রাসের মূলোৎপাটন ও স্মার্ট বাংলাদেশ গড়াই চ্যালেঞ্জ : তথ্যমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'আমাদের দল নতুন সরকার গঠনের পর প্রথম চ্যালেঞ্জ হবে অগ্নিসন্ত্রাস সমূলে উৎপাটন এবং স্মার্ট বাংলাদেশ গঠন করা।' আজ বুধবার সকালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে দলীয় নেতাদের সঙ্গে পুষ্পস্তবক অর্পণ শেষে মন্ত্রী সাংবাদিকদের এ কথা বলেন। দিবসটি উপলক্ষ্যে হাছান মাহমুদ বলেন, '১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশ মুক্তিযুদ্ধে বিজয় অর্জন করলেও স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হয়ে মুক্ত স্বাধীন বাংলাদেশে পদার্পণ না করা পর্যন্ত আমাদের স্বাধীনতা পূর্ণতা পায়নি। আমাদের স্বাধীনতা পূর্ণতা পেয়েছিল ১৯৭২ সালের ১০ জানুয়ারি যখন জাতির পিতা স্বাধীন দেশের মাটিতে পদার্পণ করেছিলেন। ঐতিহাসিক এই দিনে আমি জাতির পিতার প্রতি গভীর শ্রদ্ধা জানাই, গভীর শ্রদ্ধা জানাই ১৯৭৫ সালে ১৫ আগস্টের কালো রাত্রিতে শহিদ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ সব শহিদ, জাতীয় চার নেতা এবং যারা জীবন দিয়ে আমাদের এই দেশমাতৃকা রচনা করে গেছেন সেই মুক্তিযোদ্ধাদের প্রতি।' সদ্য অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচন নিয়ে তথ্য সম্প্রচারমন্ত্রী বলেন, 'আপনারা জানেন যে, গত ৭ জানুয়ারি বাংলাদেশে অত্যন্ত সুন্দর, অবাধ, নিরপেক্ষ এবং সন্ত্রাসমুক্ত একটি নির্বাচন অনুষ্ঠিত হয়েছে যেখানে জনগণের ব্যাপক অংশগ্রহণ ছিল। কোনো কোনো নির্বাচনি এলাকায় ৭০ শতাংশের ওপরে মানুষ ভোট দিয়েছে। তিনদিন ছুটি পাওয়ায় অনেকেই শহর থেকে গ্রামে চলে গিয়েছিল। সে কারণে কিছু বড় শহরে ভোটের হার কিছুটা কম হয়েছে। কিন্তু এরপরও আমাদের ভোট প্রদানের হার ৪২ শতাংশ।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## তারেক রহমানকে আইন করে নিষিদ্ধ করতে হবে : বাহাউদ্দিন নাছিম

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ যারা খুনের রাজনীতি করে তাদের আইন করে নিষিদ্ধ করার দাবি তুলেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম। আজ বুধবার ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে আয়োজিত জনসভায় তিনি এ কথা বলেন। বাহাউদ্দিন নাছিম বলেন, 'যারা দেশের মানুষকে পুড়িয়ে মারে, চলন্ত ট্রেনে মানুষকে পুড়িয়ে হত্যা করে, তাদের হাত থেকে দেশকে রক্ষা করতে হবে। তাদের মূল উৎপাটন করতে হবে। ওই সন্ত্রাসীদের নেতা তারেক রহমানসহ খুনিদের নিষিদ্ধ করে দেশকে রক্ষা করতে হবে। আমি মনে করি, আইন করে তাদের হাত থেকে দেশ ও দেশের মানুষকে রক্ষা করতে হবে।' তিনি বলেন, 'জাতির পিতার স্বদেশ প্রত্যাবর্তনের আজকের এই দিনটি ঐতিহাসিকভাবে আমাদের জন্য আনন্দের। এছাড়া পঞ্চমবারের মতো প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন শেখ হাসিনা, আলহামদুলিল্লাহ।' নাছিম বলেন, '১৬ কোটি মানুষের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে আমরা বলতে চাই যারা ৭ জানুয়ারির নির্বাচন বানচাল করার জন্য মানুষ মারার রাজনীতি, সাম্প্রদায়িক শক্তির সঙ্গে আঁতাত করেছিল, যারা আফগানিস্তানের সঙ্গে বাংলাদেশকে মিলিয়ে ফেলতে চেয়েছিল, শেখ হাসিনার পক্ষে ভোট দিয়ে জনগণ ৭ জানুয়ারি তাদের জবাব দিয়েছে।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## পুরোনোদের মধ্যে যারা থাকছেন নতুন মন্ত্রিসভায়

বর্তমান অর্থাৎ পুরোনো মন্ত্রিসভার অনেকেই নতুন মন্ত্রিসভায় থাকছেন। তাদের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, আইনমন্ত্রী আনিসুল হক, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, শিক্ষামন্ত্রী দীপু মনি, স্থানীয় সরকার মন্ত্রী মোঃ তাজুল ইসলাম, তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ এবং শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল থাকছেন নতুন মন্ত্রিসভায়। বৃহস্পতিবার, ১১ জানুয়ারি বঙ্গভবনের শপথ নেওয়ার জন্য তারা মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ফোন পেয়েছেন বলে জানিয়েছেন। নতুন মন্ত্রিসভা ৩৬ সদস্যবিশিষ্ট হতে পারে বলেও একটি সূত্র জানিয়েছে। (জাগো এফএম : ১৯০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

## নতুন মন্ত্রীদের জন্য প্রস্তুত অর্ধশত গাড়ি

নতুন মন্ত্রিসভার মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের জন্য প্রায় ৫০টি গাড়ি প্রস্তুত রেখেছে সরকারি যানবাহন অধিদফতর। মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয় পরিবহন পুলের মাধ্যমে গাড়িগুলো প্রস্তুত রেখেছে। জনপ্রশাসন মন্ত্রণালয় ও সরকারি যানবাহন অধিদফতর থেকে জানা গেছে এ তথ্য। বৃহস্পতিবার ১১ জানুয়ারি সন্ধ্যা ৭টায় বঙ্গভবনে নতুন মন্ত্রিসভার শপথ হবে। এজন্য প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন। নতুন মন্ত্রিসভা গঠনের সাচিবিক কার্যক্রম করে মন্ত্রিপরিষদ বিভাগ।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১০.০১.২০২৪ প্রতীক)

# BBC

## ECUADOR DECLARES WAR ON GANGS AFTER TV ATTACK

Ecuador's president has ordered that criminal gangs be neutralized after days of violence culminated in an attack on a television studio. Masked gunmen broke into public television channel TC's live studio during a broadcast, forcing staff to the floor. Police made 13 arrests following the attack, which injured two employees. At least 10 people have been killed since a 60-day state of emergency began in Ecuador on Monday. The emergency was declared after a notorious gangster vanished from his prison cell. (BBC Web Page: 10/01/24, FARUK)

## US AND UK REPEL LARGEST HOUTHI ATTACK IN RED SEA

UK and US naval forces have repelled the largest attack yet by Yemen's Houthi rebels on shipping in the Red Sea, the UK defence secretary says. The Iran-backed group launched at least 21 drones and missiles overnight, according to the US military. They were shot down by carrier-based jets and four warships, it added. No injuries or damage were reported. The Houthis have not commented, but they have targeted vessels in response to the war in the Gaza Strip. They have claimed - often falsely - that the ships were linked to Israel. The US military's Central Command said Tuesday's attack was the 26th since 19 November.
(BBC Web Page: 10/01/24, FARUK)

## CHINA TELLS US IT WILL NEVER COMPROMISE ON TAIWAN

China has said it will never compromise on the issue of Taiwan, in its first military talks with the US since 2021. It urged the US to stop arming Taiwan and take its concerns seriously. This comes just days ahead of pivotal elections in Taiwan, which

could push the island further towards - or away - from Beijing. China claims Taiwan as part of its own territory, but the island sees itself as distinct from the Chinese mainland. (BBC Web Page: 10/01/24, FARUK)

**SUNAK FACING MAJOR TORRY REVOLT OVER RWANDA BILL**

Rishi Sunak is facing a significant rebellion from Tory MPs over legislation to revive his plan to send some asylum seekers to Rwanda. Over 30 backbenchers on the right of the party are backing plans to change the bill next week to make it harder for people to appeal deportation. The amendments underline the scale of Tory division over the policy, which the PM has made a priority. Ministers insist the bill allows only a vanishingly small number of appeals. The government introduced the bill last month, after its plan to send asylum seekers to the east African country was ruled unlawful by the Supreme Court. (BBC Web Page: 10/01/24, FARUK)

**MIGRANTS FOUND HIDDEN IN TRAILER AT WEXFORD PORT**

An investigation is under way after 14 migrants were found hidden in a trailer at a port County Wexford. The discovery was made at Rosslare Europort shortly after 03:00 local time on Monday when a vehicle was stopped as it exited a ferry from France. The nine men, three women and two girls were assessed by medics and are understood to be in good health, Irish broadcaster RTE has reported. The migrants, who are believed to be Kurdish and Vietnamese, have been taken to a processing centre. Irish police confirmed an investigation is ongoing and no arrests have been made. (BBC Web Page 10/01/24, FARUK)

**UGANDA TO DESTROY EXPIRED COVID VACCINES WORTH $7M**

More than 5.6 million doses of Covid-19 vaccines bought on loan by the Ugandan government have expired, an audit report has said. The vaccines are valued at 28.1bn Ugandan shillings and were purchased using a World Bank loan. Authorities say the expired vaccines will be withdrawn from health facilities and destroyed. In the report submitted to parliament on Tuesday, Uganda's Auditor General John Muwanga also said that other drugs worth $8.6m. mostly HIV antiretroviral drugs, have expired after they were phased out by changes in recommended treatment guidelines by the WHO. Authorities expect the total losses from expired Covid vaccines to surpass $78m by the end of this year.
(BBC Web Page: 10/01/24, FARUK)

**MUSEVENI DOWNPLAYS REMOVAL OF UGANDA FROM US TRADE PACT**

Uganda President Yoweri Museveni has said that external attempts to pressure his country are futile, more than a week after Uganda was expelled from a major US-Africa trade programme. The US first threatened to sanction Uganda and expel it from the African Growth and Opportunity Act (Agoa) trade pact in May, after the East African country passed a controversial anti-homosexuality law. The law places a death penalty on certain same-sex acts. Mr Museveni also said that Uganda will trade with international partners that respect it. (BBC Web Page: 10/01/24, FARUK)

**DR CONGO COURT CONFIRMS TSHISEKEDI'S POLL VICTORY**

The Constitutional Court in the Democratic Republic of Congo has rejected two challenges to the results of a last month's contested presidential election. The court said incumbent President Felix Tshisekedi had indeed received 73% of the vote. The validation comes despite independent observers reporting widespread irregularities during the 20 December vote. The poll was also marred by several logistical problems, which the opposition alleged were part of a deliberate plan to rig the results in favour of Mr Tshisekedi. (BBC Web Page: 10/01/24, FARUK)

**:: The End ::**